



Poet Farrukh Ahmad
Born on 10 June 1918, died on 19 October 1974

**The English Translation of
Some Selected Poems of
Farrukh Ahmad**

By
Abdur Rashid Khan

Farrukh Gabeshana Foundation

**The English Translation of Some
Selected Poems of Farrukh Ahmad**

By Abdur Rashid Khan

Published by

Muhammad Matiur Rahman

Founder President, Farrukh Gabeshana Foundation

(Farrukh Research Foundation)

62/1, Purana Paltan, Dhaka-1000

Phone: 02-9557869, 01819420489

Website: www.farrukhfoundation.net

First Edition

June 2008

Second Enlarged Edition

June 2012

Cover Design

Muhammad Shahinur Islam

Printed at

Habib Printing Press

1-G, 1/9, Kalwalapara, Mirpur-1,

Dhaka-1216.

Composed by

M.A Hasan Bhuiyan

Md. Joynal Abedin

Muhammad Shahinur Islam

Price: Tk. 100.00 only

US \$ 5.00 only

Index

Foreword - muhammad matiur rahman	7
Introduction - mohammad mahfuzullah	9
Sindabad	15
The sailor of the seven seas	21
Punjeri	31
The dead-body	35
Dahuk	41
Through the window	49
A moment's poem	59
To my poem	61
The rain	63
Dejection	65
Acquaintance	67
In the meadow of mainamoti : 3	69
An atheist's prayer : his confession	71
To the poet	73
I shall wake you up	75
Night at kanchra para	77
One night's affair	79
I called her in that name	81
From outside of the cradle	83
From 'dilruba' (sweet heart)- 5th canto-1	85
From 'dilruba' (sweet heart)- 5th canto- 2	87
From 'dilruba' (sweet heart)- 5th canto-3	89
From 'dilruba' (sweet heart)- 5th canto-4	91
From 'dilruba' (sweet heart)- 5th canto-5	93
From 'dilruba' (sweet heart)- 5th canto-6	95
Personal explanation	97
The mind	101
The background	103
The youth-brigade	107
The whistle of the magpie robin	111
The brilliant lamp : Muhammad Mustafa (s.m.)	115
In the coming winter	118
The vultures	120

Foreword

Farrukh Ahmad is one of the most outstanding poets of contemporary Bangla literature. He was born on 10th June 1918 and died on 19th October 1974. Besides, writing poems, he contributed in the fields of short stories, novel, juvenile literature, essays, etc. He is basically a poet and wrote poems in different forms and types, easily distinguishable from others. He was mainly a lyricist and wrote short and long poems, particularly sonnets and epic. His most outstanding contributions to Bangla literature are as follows: 'Sat Sagorer Majhi', 'Sirajum Munira', 'Muhurter Kabita', 'Kafela', 'Naufel-O-Hatem', 'Hatem Tai', 'Onussar', 'Hey Bonno Sopnera', 'Habeda Morur Kahini', 'Dilruba', 'Oitihasic-Onoitihasic Kabbya', 'Tasbirnama', 'Iqbaler Nirbachita Kabita', 'Halka Lekha', 'Pakhir Basa', 'Natun Lekha', 'Charar Asar' etc.

For his literary excellence and contributions, Farrukh Ahmed was awarded almost all the top literary awards of Bangladesh. These include: The President's Pride Performance Award (1960), Bangla Academy Literary Award (1960), Unesco Award (1966), Adamjee Award (1966), Ekushe Padak (1975), Independence Award (1980), Islamic Foundation Award (1984), Bhasha Sainik Sangbardhana Award (2000) etc.

Abdur Rashid Khan, another eminent poet of Bangladesh and well-versed both in Bangla and in English language and literature, has translated some of the most popular and famous poems of Farrukh Ahmad into English. These translations were first published in the 'Farrukh Academy Patrica' (Farrukh Academy Journal), a periodical of the 'Farrukh Gabeshana Foundation' (Farrukh Research Foundation), edited by me. We published those translations in a book form first in June 2008. We are now pleased to publish its enlarged second edition to mark the 94th birth anniversary of the great poet Farrukh Ahmed. We hope, it will help non-Bengali speaking people to know the outstanding genius of a Bangladeshi poet of one of the

highest stature. Poet Abdur Rashid Khan has done a tremendous work in this regard. We are really grateful to him for such a noble venture.

In this connection, we are also grateful to Mohammad Mahfuzullah, an eminent literary figure of Bangladesh, who has kindly written a valuable introduction to the book. Mohammad Mahfuzullah, who has written valuable book is a renowned poet and a literary critic of contemporary Bangla literature. He also won the 'Farrukh Gabeshana Foundation Award-2008', for his valuable works on Farrukh Ahmad.

We hope, this book will be accepted by English speaking poetry lovers, particularly those who are eager to know about some of the most outstanding genius of Bangla literature.

Muhammad Matiur Rahman
President

June 2012

Farrukh Gabeshana Foundation

Introduction

Farrukh Ahmad (1918-74), a poet of outstanding genius and rare creative capabilities, has enriched Bengali poetry immensely through his mighty pen. Primarily a poet and widely acclaimed as one of the most remarkable poets of Muslim renaissance, Farrukh Ahmad's contributions to other branches of Bengali literature is also significant. Farrukh Ahmad-a writer of short and long poems especially sonnets and epic poems on various themes, has to his credit more than a dozen books of poems. Contributions of Farrukh Ahmad in the field of poetry has established him as a poet of the highest order. Though a romantic par-excellence, and a creator of many romantic and love poems of super standard and of distinctive nature, Farrukh Ahmad is regarded as a humanist and a poet of Islamic spirit and idealism. A strong believer in Islamic ideology and a dreamer of Muslim rejuvenation, Farrukh Ahmad has by his poetical works made spectacular and distinctive contributions in the reawakening of the Muslims of this part of the globe. His most significant and valued collections of poems 'The Sat Sagarer Majhi' (The Sailor of the Seven Seas) and 'Sirajum Munira' (The Brilliant Lamp) are widely acclaimed and the poems incorporated in these two books have their varied and deep impact on our national life and culture. In 'The Sat Sagarer Majhi' Farrukh has used 'Sindabad' of the Arabian Nights as a symbol of Muslim reawakening. In 'Sirajum Munira' he has delineated the holy character and bacon light spread by the great prophet of Islam all over the world.

Farrukh Ahmad a romantic, idealist and humanist by nature and at heart, as well as an exponent of the philosophy of love and beauty, genuinely and closely identified himself with the national spirit and aspiration, patriotism, Muslim renaissance and above all with the down-trodden and oppressed humanity. He delineated the hopes and aspirations of the toiling masses and waged war with his mighty pen against the British subjugation as well as the oppressors at home.

Farrukh Ahmad's unique and distinctive success in the field of literature-especially his poetry not only lies in the

subject-matter and varied themes, but also in language, form, technique, prosody, similies and metaphors used by him in his literary creations and especially in poetry. Farrukh Ahmad-a poet of creative genius, used distinctive and varied languages which are different from that of others. In his poetic language he has used Arabic and Persian words skillfully. Though a poetic genius and creator of many unparalleled poems of distinctive forms and character, Farrukh's poems have rarely been translated in English and in other foreign languages. For this obvious reason, Farrukh Ahmad, a poet of outstanding caliber, is not much known on the international scene.

In this context, the publication of a book named 'The English Translation of some selected poems of Farrukh Ahmad', containing some of his most famous poems, is a most laudable venture, which I strongly feel, will immensely help introducing Farrukh Ahmad to English-knowing people. By translating these poems, Abdur Rashid Khan, a renowned poet himself and a former professor of English language and literature, has done a commendable job and performed a national duty. Literary, cultural and other personalities especially poets of outstanding genius and their creative works need to be projected and publicised both at home and abroad through various ways, means and medias for the better benefits and interest of the nation. This will greatly uphold our national culture, literature and heritage to the international arena. There is no denying that mainly through proper, efficient and adequate translations of Farrukh Ahmad's poems and other writings in English and other foreign languages he could be projected widely in the international arena. Translation from the original into other languages is the best possible way to introduce the writers and their literary contributions to other people of the world.

We believe and hope that Abdur Rashid Khan's translations of Farrukh's poems in English which are incorporated in this book, will help non-Bengali people and especially the English speaking people and other foreigners to be acquainted with Farrukh's poems and his outstanding poetic genius and the excellence of his poetical works as

well as his significant contribution to Bengali literature. Rendering of literary works, particularly of poetry from one language into another is most difficult and intricate job. The theme and the spirit of the poems may be translated keeping in conformity with the original, but it is very difficult to render into foreign languages, the poetic excellence and the spirit, similies, metaphors, symbols, prosody etc used by the poet in the original. It is a great pleasure and heartening to note that poet Abdur Rashid Khan has ably and efficiently done the translation of some of the most famous and rich poems of Farrukh Ahmad into English keeping in view with the spirit and literary excellence as far as it has been possible.

We heartily congratulate poet Abdur Rashid Khan for efficiently and faithfully rendering some of the most famous and widely read poems of Farrukh Ahmad, into English. 'Farrukh Ahmad Gabeshana Foundation' especially Professor Muhammad Matiur Rahman, the founder president of the foundation, deserves special mentioning and heartfelt thanks for the publication of this book. Muhammad Matiur Rahman-himself a well-known literateur and devoted lover of poet Farrukh Ahmad and his outstanding poetic genius and an appreciator of the poetical works of the poet-who is regarded as one of the top-most poets of Bengali literature with distinctive feature and outlook. It may be mentioned that Muhammad Matiur Rahman has written and published many essays and some books on Farrukh Ahmed, evaluating his poetic genius and outstanding literary contributions. Publication of this book would have not been possible, without the initiative taken by Matiur Rahman and the Farrukh Gabeshana Foundation (Farrukh Research Foundation).

We reasonably hope that all possible arrangements will be made and this book will be circulated both at home and abroad, and it will help introducing Farrukh Ahmad to non-Bengali people.

Mohammad Mahfuzullah

ফরর খ আহমদের 'সাত সাগরের মাঝি' কাব্যের অন্দুর্ভুক্ত কয়েকটি নির্বাচিত কবিতার অনুবাদ আবদুর রশীদ খান অনূদিত

কবি ফরর খ আহমদ বাংলা সাহিত্যের অন্যতম শ্রেষ্ঠ মৌলিক প্রতিভাধর কবি। তাঁর কাব্যের বিষয়-ভাব ও আঙ্গিক বৈচিত্র্যপূর্ণ। তিনি একাধারে গীতি-কবিতা, সনেট, সনেট-সিকোয়েন্স, মহাকাব্য, নাট্যকাব্য, প্রহসন, ব্যঙ্গ-কবিতা, শিশুতোষ কাব্য, গান ইত্যাদি রচনা করেছেন। ছোটগল্প, উপন্যাস ও প্রবন্ধ রচনাতেও তাঁর কৃতিত্বের স্বাক্ষর বিদ্যমান।

'সাত সাগরের মাঝি' (১৯৪৪) ফরর খ আহমদের প্রথম কাব্য এবং এটি তাঁর সর্বাধিক উল্লেখযোগ্য ও অনেকের মতে তাঁর শ্রেষ্ঠ কাব্য। 'ফরর খ একাডেমী পত্রিকা'র পঞ্চদশ, অক্টোবর ২০০৭ সংখ্যায় 'সাত সাগরের মাঝি' কাব্য গ্রন্থ থেকে মোট ৪টি ও একুশ এবং বাইশতম সংখ্যায় এ গ্রন্থের আরো দুটি বিখ্যাত কবিতার ইংরাজি অনুবাদ মুদ্রিত হয়। বলাবাহুল্য, উক্ত ৬টি কবিতা ফরর খ আহমদের সর্বাধিক উল্লেখযোগ্য কবিতা হিসাবে চিহ্নিত। এগুলো বাংলা সাহিত্যেরও শ্রেষ্ঠতম কবিতাবলীর অন্ডুর্ভুক্ত। কবিতাগুলি অনুবাদ করেছেন বাংলাদেশের খ্যাতনামা এবং প্রবীণ কবি আবদুর রশীদ খান। বাংলা ও ইংরাজি উভয় ভাষায় যঁারা পারদর্শী তাঁদের সুবিধার্থে ইংরাজি অনুবাদের সাথে মূল বাংলা কবিতাও মুদ্রিত হল।

সাহিত্যের যথার্থ ভাষান্তর করা কঠিন। কবিতার অনুবাদ আরো কঠিন। শব্দ-ছন্দ-ভাব-তাল-লয়-ব্যঞ্জনা-রূপক-উপমা-রূপকল্পের সুসমন্বয়ে কবিতার সৃষ্টি। শব্দ ও ভাবের অনুবাদ সহজসাধ্য হলেও তাল-লয়-ব্যঞ্জনা-রূপক-উপমা-রূপকল্পের অনুবাদ প্রায় দুঃসাধ্য। কেবল দক্ষ লোকের হাতেই তা অনেকটা অনায়াসে সম্পন্ন হয়। বাংলা ও ইংরাজি উভয় ভাষায় পারদর্শী হওয়ার কারণে কবি আবদুর রশীদ খান এ কাজটি বিরল দক্ষতার সাথে সম্পন্ন করেছেন।

কবি আবদুর রশীদ খান (জন্ম- ১৯২৪) ইংরাজি সাহিত্যের অধ্যাপক ছিলেন। তিনি ফরর খ আহমদের বিশেষ স্নেহধন্য ও অনুরক্ত। ইতঃপূর্বে তিনি তাঁর নিজের অনেক কবিতা ইংরাজিতে এবং অনেক খ্যাতনামা ইংরাজ কবির কবিতা বাংলায় অনুবাদ করেছেন। তাঁর রচিত প্রায় ৬০০টি কবিতার সংকলন 'নির্বাচিত কবিতা'য় (২০০৬) এর পরিচয় বিধৃত। তাঁর যোগ্য ও আঙ্গিক চেষ্টায় অনূদিত কবিতাগুলি ইংরাজি ভাষা-ভাষীদের নিকট ফরর খ আহমদের পরিচিতি তুলে ধরার ক্ষেত্রে বিশেষ সহায়ক হবে বলে মনে করি।

মুহম্মদ মতিউর রহমান

The English Translation of Some Selected Poems of Farrukh Ahmad By Abdur Rashid Khan

SINDABAD

Enough time have I spent in a life of ease and pleasure;
The saline sea again calls me out to begin a new voyage.
The silver moon crowns the high waves
The salt water's mighty waves call me out to the sea.

O sailor Sindabad! this voyage is for new waters.

Oh! that agate-straon passage again after a long time
Beckons me out to go beyond the blue horizon
To the cross-road between life and death
Who knows where this voyage will lead me!

My obsessed mind roams in camphor and sandal woods,
The hardy ebony has put on its ivory armour,
The fig trees' aroma bring sleep to my eyes,
Fearless sea-eagles scoop down on the sea-hammam.

Enough time have I spent in ease and pleasure
And gathered fat and weight;
Mighty waves from afar call at this port for a new voyage.
O you elephant-mahut I raise your litter and cover it up with brocade,
Now is the time to wear your armour-the sailor's blue dress;
The mighty black sea-water rages like a big Pythoa
The white boat waits thereon.
We know not what current will distract our course this time
And where we shall meet the white rays of the morn
Or where the ship will founder on its course;
And how long we shall have to float on planks in the sea again;
We know not and we don't listen to it,
The deep blue sea is calling-
We with our rudders uncover the violent-distant horizon.

We are dare-devils; we plough the sea with our cars
The sun takes its round over us, the moon casts shadows,
The ships planks groan with the storm's lashing,
Fearless we ply our cars in sea round the year.

সুরাত জামাল জওয়ানির ঠোঁটে বেকার নওজোয়ান
ভাবে জীবনের সব মধু লোটে কমজোর ভীর প্রাণ,
এ আশ্চর্য আমাদের কাছে! কিশ্তী ভাসিয়ে শ্রোতে
আমরা পেয়েছি নিত্য নতুন জীবনের তাজা ছাণ।

পাকে পাকে ঘুরে তীরবেগে ছুটে আবর্তে দিশাহারা,
ক্ষুধার ধমকে ঘাস ছিঁড়ে খেয়ে আকাশে জাগায় সাড়া,
জালিমের চোখ আগুনে পোড়িয়ে গুঁড়িয়ে পাপের মাথা;
দেখেছি সবুজ দরিয়া জাজিমে স্বপ্ন র'য়েছে পাতা।

হাজার দ্বীপের বদ র সমের উপর লানত হানি'
কিশ্তীর মুখে ফেরায়েছি মোরা টানি'—

বুরাঈর সাথে পেয়েছি ভালাই অফুরাণ জিন্দগী,
আবলুস-ঘন আঁধার পেখম খুলেছে রাতের শিখী।
আর থেকে থেকে দম্কা বাতাসে নারিকেল শাখে হাওয়া,
ভোলায়েছে সব পেরেশানি, শুর হ'য়েছে গজল গাওয়া,
সুরাত জামাল জওয়ানির ঠোঁটে কেটেছে স্বপ্ন রাত
শুনেছি নেশার ঘোর কেটে যেতে এসেছে নয়া প্রভাত।

জড়ো করি লাল, পোখরাজ আর ইয়াকুত ভরা দিন
দরিয়ার বুক নামায়েছি ফের বে-দেরেগ সংগিন,
সমুদ্র-সিনা ফেড়ে ছুটে চলে কিশ্তী, স্বপ্ন সাধ;
নতুন পানিতে সফর এবার, হে মাঝি সিন্দবাদ।

আজ নির্ভীক মাল্লার দল ছোটে দরিয়ার টানে,
পান করি সিয়া সুতীত্র জ্বালা কলুষিত বিয়াবানে;
হারামি মওত ডাকে সারা মন, দেহ,
গলিজ-শহরতলীতে আবার জেগে উঠে সন্দেহে;
বিষ নিশ্বাসে জিন্দগী ফের কেঁদে ওঠে বিশ্বাদ,
নতুন পানিতে সফর এবার, হে মাঝি সিন্দবাদ।

কালো আকীকের মত নিকষ দরিয়ার বুক ছিঁড়ে
চলো সন্দল বন-সন্ধানে অজানা দ্বীপের তীরে,
হালের আঘাতে নোনা পানি ছুড়ে রাহা খোঁজে গুমরাহা,
পার হয়ে যাও আয়েশী রাতের ফাঁদ;

পাথর জমানো দরিয়ার তীরে মওতের বুক আহা,
কাফুরের মত নতুন জীবন ডাকছে সিন্দবাদ।

It seems strange to us when the idle youth thinks;
The weak and the coward taste youthful life's nectar;
While our boats we put to, sea
And search for fresh air in life.

We lose ourselves in whirlpools and go wild with speed,
We eat grass in hunger and bring the heavens down,
We learn the tyrant's eyes and break the criminal's crown,
And find dreams laid out in green sea-scape.

We cursed bad habits prevalent in many islands
And turned round the boat's head in anger;
We focused in life endless goodness along with the evil,
And night's peacock spreading its plume in jet-black darkness.
Gusty winds on coconut leaves fanned away our miseries
And lifted us to sing.
Our lively youthful ecstasy created a dreamy night
And after drowsy drunkenness we saw a new morn.

Through out the day we collected red rubies and topazes
And carried them to the sea-shore with ease;
Once again the boat rushed on bracing the wakes;
O sailor, its our desire to voyage in new waters.

Today the fearless sailors rush for the sea,
They have drunk burning sock in that defiled wilderness;
Wicked death engulfs entire body and mind,
Suspicion creeps up in dirty suburbs;
Life cries out with poisonous breath;
O Sailor Sindabad! a new voyage this time in new waters.

Let us pierce through the agate-like black sea
To an unknown island for sandal-woods;
You who lost track find out
Find out the right course with your car-strikes
And baffle the snares of pleasure seeking nights.

Sindabad, camphor-like new life calls for you
In the midst of death on the stony beaches;

জড়তার রাত শেষ হ'য়ে এল আজ,
কেটেছে পক্ষা নরম আয়েশ আশ্রতে বহুদিন,
ম'র্চে ধরেছে কজায়; স্নান তাজ ।
আজ ফুড়ে চলো দরিয়ার সংগিন,
ভাঙে এ নরম মখমলে ছাওয়া দিন;
মাতমি-লেবাস ফেলে আজ পরো মালার নীল সাজ ।

আমরা মরি না, সুখা মাটা শুধু তাকায় শংকাকুল,
দরিয়ার ডাকে এক লহ্মায় ভাঙে আমাদের ভুল,
প্রকাশিত নীল দিন;
দেখে সফরের প্রসারিত পথ দিগন্ত স্রোতলীন ।

আনি আলমাস, গওহর লুটে আনি জামর দ লা'ল,
নিথর পাতাল বালাখান থেকে ওঠাই রাঙা প্রবাল,
এর জিজিরে আটক চিড়িয়া হীন কামনায় বুড়া-
শিরাজী মত্ত! পাথর হানিয়া করি সব মাথা গুঁড়া ।

রাতে জেগে শুনি খোদার আলমে বিচিত্র কল্লোল,
তারা ছিটে পড়ে মধ্য সাগরে জাহাজে জাগায় দোল,
আমরা নাবিক জংগী জোয়ান ইশারা পেয়েছি কত
মউজের মুখে তাই ভেসে যাই টুকরা খড়ের মত ।
বজ্র আওয়াজ থামায় গভীর দরিয়ায় ওঠে চাঁদ
দিলের দুয়ারে মাথা ঠুকে মরে নাবিক সিন্দবাদ ।

ভেঙে ফেলো আজ খাকের মমতা আকাশে উঠেছে চাঁদ,
দরিয়ার বুকে দামাল জোয়ার ভাঙছে বালুর বাঁধ,
ছিঁড়ে ফেলে আজ আয়েশী রাতের মখমল-অবসাদ
নতুন পানিতে হাল খুলে দাও, হে মাঝি সিন্দবাদ!

The lethargic night has now come to an end
You have spent enough time in self fragile comfort
And gathered rust in your wrist.

Your crown is tarnished
Rush through the rough sea now
And bring an end to this soft carpet-life.
Throw away your mourning-dress now
And wear the sailor's blue dress.

We do not die-only the dry clay looks in fear
We come to our senses in no time with the call of the sea;
The blue day is manifest and shows in the current
Our Journey's course extends beyond the horizon.

We bring diamonds and fetch red emeralds from jewelries,
We bring colorful corals up from the nether-world mansions,
Those chained animals, oldish with vile lust,
Drunkards! We break their heads with stones.

Waking up at night we hear queer sounds in the reabn of God;
Shooting stars fall in the mid-sea and toes the ship;
Dare-Devils as we are, we young sailors face many deadly
symptoms,
Naturally we float like straws in the rough sea.
Thunder-Sounds stop while the moon peeps up from behind the
waters,
Sailor Sindabad Hammers his head on our mind's door.

Today you cast aside this body's mundane affection
And see the moon has risen in the sky;
Strong sea tide breaks sand-bars near the sea-shore;
Cast away your pleasure-hunting nights soft leisure;
O Sailor Sindabad! Unfasten your helm and start for new
waters.

452, West Middle Turnpike
Apprt-48, Manchester, Connecticut, CT-06040, USA
30.08.2008

সাত-সাগরের মাঝি : ফররুখ আহমদ

কত যে আঁধার পর্দা পারায় ভোর হ'ল জানিনা তা' ।
নারঙ্গী বনে কাঁপছে সবুজ পাতা ।
দুয়ারে তোমার সাত-সাগরের জোয়ার এনেছে ফেনা ।
তবু জাগলে না? তবু তুমি জাগলে না?
সাত-সাগরের মাঝি চেয়ে দেখো দুয়ারে ডাকে জাহাজ,
অচল ছবি সে, তস্বির যেন দাঁড়ায়ে রয়েছে আজ ।
হালে পানি নাই, পাল তার ওড়ে নাকো,
হে নাবিক! তুমি মিনতি আমার রাখো :
তুমি উঠে এসো, তুমি উঠে এসো মাঝিমালায় দলে
দেখবে তোমার কিশ্তী আবার ভেসেছে সাগরজলে,
নীল দরিয়ায় যেন সে পূর্ণ চাঁদ,
মেঘ-তরঙ্গ কেটে কেটে চলে ভেঙে চলে সব বাঁধ ।
তবে তুমি জাগো, কখন সকালে ঝ'রেছে হাস্নাহেনা
এখনো তোমার ঘুম ভাঙলো না? তবু তুমি জাগলে না?

দুয়ারে সাপের গর্জন শোন নাকি?
কত অসংখ্য ক্ষুধিতের সেথা ভিড়,
হে মাঝি! তোমার বেসাতি ছড়াও, শোনো;
নইলে যে সব ভেঙে হবে চৌচির ।

তুমি দেখছোনা, এরা চলে কোন্ আলেয়ার পিছে পিছে?
চলে ক্রমাগত পথ ছেড়ে আরো নীচে ।
হে মাঝি! তোমার সেতারা নেভেনি একথা জানো তো তুমি,
তোমার চাঁদনি রাতের স্বপ্ন দেখছে এ মর ভূমি,
দেখ জমা হ'ল লালা, রায়হান তোমার দিগন্ত রে;
তবু কেন তুমি ভয় পাও, কেন কাঁপো অজ্ঞাত ডরে ।

তোমার জাহাজ হয়েছে কি বানচাল?
মেঘ কি তোমার সেতারা করে আড়াল?
তাই কি অচল জাহাজের ভাঙা হাল,
তাই কি কাঁপছে সমুদ্রে ক্ষুধাতুর
বাতাসে ফাঁপানো তোমার ও ফাঁকা পাল?

THE SAILOR OF THE SEVEN SEAS

I don't know how many black curtains had to be raised to bring
this morning.

The green leaves shiver in the orange grove.
The seven seas' tide has brought foam on your door-steps.
O Sailor of the seven seas, see, your ship calls at your door,
A still-life, like a picture it stands there.
No water reaches the helm, its sails do not flutter,
O Sailor, I entreat you, rise up,
You rise up and join the seamen,
You will find your ship sailing again in the seas,
Like a full-moon in the blue seas
Braving cloudy waves and crossing all obstacles.
Now you rise up, hasnahena flowers dropped long before
in the morning.

Still you did not wake up? Still you are asleep?

Do you not hear snake's hissing at your door?
Innumerable hungry people crowd there;
O Sailor! open up your merchandise; listen to me,
Or your everything will turn into fragments,

Do you not see, what mirage they are after?
Continuously off the track and going down.
O Sailor! You definitely know your star has not extinguished,
This desert dreams of your moonlit night,
See tulips... accumulated everywhere;
Then why are you afraid, you shiver in unknown fear?

Has your ship foundered?
Has any cloud covered your star?
Is for that the motionless ship's rudder broken?
Is for that your empty sail
Bellowing with the hungry sea wind?

জানি না, তবুও ডাকছি তোমাকে সাত दरियार মাঝি,
প্রবাল দ্বীপের নারিকেল শাখা বাতাসে উঠেছে বাজি' ।
এ ঘুমে তোমার মাঝি-মালার ধৈর্য নাইকো আর,
সাত সমুদ্র নীল আক্রোশে তোলে বিষ ফেনভার,
এদিকে অচেনা যাত্রী চলেছে সুদূরের পথ ধ'রে
নারঙ্গী বনে কাঁপছে সবুজ পাতা ।
বেসাতী তোমার পূর্ণ করে কে মারজানে মর্মরে?
ঘুম ঘোরে তুমি শুনছো কেবল দুঃস্বপ্নের গাথা ।
উচ্ছৃঙ্খল রাত্রির আজো মেটেনি কি সব দেনা?
সকাল হ'য়েছে । তবু জাগলে না?

তবু তুমি জাগলে না?

তুমি কি ভুলেছ' লবঙ্গ ফুল, এলাচের মৌসুমী,
যেখানে ধূলিতে, কাঁকরে দিনের জাফরাণ খোলে কলি,
যেখানে মুগ্ধ ইয়াসমিনের শুভ্র ললাট চুমি'
পরীর দেশের স্বপ্ন-সেহেলি জাগে গুলে বকাওলী ।

ভুলেছ' কি সেই প্রথম সফর জাহাজ চ'লেছে ভেসে
অজানা ফুলের দেশে,

ভুলেছ' কি সেই জামর দ-তোলা স্বপ্ন সবার চোখে
বালসে চন্দ্রালোকে,

পাল তুলে কোথা জাহাজ চ'লেছে কেটে কেটে নোনা পানি,
অ-শ্রান্ত সন্ধানী

দিগন্ত নীল পর্দা ফেলে সে ছিঁড়ে

সাত-সাগরের নোনা পানি চিরে চিরে ।

কোন্ অজ্ঞাত বন্দরে এসে লাগলো সেই জাহাজ
মনে পড়ে নাকো আজ,

তবুও সেখানে ভ'রেছে জাহাজ মারজানে মর্মরে
এইটুকু মনে পড়ে ।

কবে যে তোমার পাল ফেটে গেছে উচ্ছৃঙ্খল ঝড়ে,
তোমার স্বপ্নে আজ অজগর দুঃস্বপ্নেরা ফেরে!
তারা ফণা তোলে জীর্ণ তোমার মৃত্যুর বন্দরে
তারা বিষাক্ত ক'রেছে তোমার নুয়ে পড়া আকাশেরে ।

I know not, still I call you, sailor of the seven seas,
The coral island's coconut boughs sing with the wind.
Your seamen lost their patience for this sleep;
The seven seas raise poisoning foam in blue wrath;
On the other hand, unknown passengers are taking sky-routes;
Green leaves quiver in the orange-grove.
Who fills up your merchandise with precious stones and marble?
Your sleep brings only bad omen for you.

Have you not paid yet for the chaotic night?
It's morning now. Yet asleep?
Yet you could not get up?
Have you forgotten the clove flowers, the cardamom season,
Where saffron buds bloom in gravel and dust,
Where fairy land's dream-maid Gul-e-Bakauli flower
Wakes up with a kiss on the white forehead of jasmine

Have you forgotten that first voyage : the ship was sailing
Towards the country of unknown flowers;
Have you forgotten that emerald-picking dream
Dazzling in moon-light in every eye!
The ship on sail cut through saline water—
A tireless searcher
Tearing the blue curtain of the horizon,
Proceeding on and on through the seven seas.

I cannot recollect the unknown port
That ship touched,
It was loaded there with emerald and marble—
This much I can recollect.

Your sail was torn by a violent tempest long ago,
Python-like nightmares visit your dream now.
They attack your wornout deadly port,
They have vitiated your caving sky.
Do you listen, do you not hear, O Sailor of the seven seas,

তবু শুনবে কি, তবু শুনবে কি সাত-সাগরের মাঝি
শুকনো বাতাসে তোমার র দ্ব কপাট উঠেছে বাজি;
এ নয় জোছনা--নারিকেল শাখে স্বপ্নের মর্মর,
এ নয় পরীর দেশের ঝরঝর নারঙ্গী বন্দর
এবার তোমার র দ্ব কপাটে মানুষের হাহাকার,
ক্ষুধিত শিশুর কান্নায় শেষ সেতারের ঝংকার ।

আজকে তোমার পাল ওঠাতেই হবে,
ছেঁড়া পালে আজ জুড়তেই হবে তালি,
ভাঙা মাস্তুল দেখে দিক করতালি,
তবুও জাহাজ আজ ছোটতেই হবে ।

কে জানে কখন কেটেছে তোমার স্বপ্নমুগ্ধ রাত,
আজকে কঠিন ঝড়ের বাতাস দ্বারে করে কশাঘাত,
সর্প-চিকন জিহ্বায় তার মৃত্যুর ইঙ্গিত,
প্রবল পুচ্ছ আঘাতে তোমার রঙীন মিনার ভাঙে ।
হে মাঝি! তবুও থেমো না দেখে এ মৃত্যুর ইঙ্গিত,
তবুও জাহাজ ভাসাতে হবে এ শতাব্দী মরা গাঙে ।

এখানে এখন রাত্রি এসেছে নেমে,
তবু দেখা যায় দূরে বহুদূরে হেরার রাজ-তোরণ,
এখানে এখন প্রবল ক্ষুধায় মানুষ উঠছে কেঁপে
এখানে এখন অজস্র ধারা উঠছে দু'চোখ ছেপে
তবু দেখা যায় দূরে বহুদূরে হেরার রাজ-তোরণ..
কাঁকর বিছানো পথ,
কত বাধা, কত সমুদ্র, পর্বত,
মধ্যদিনের পিশাচের হামাগুড়ি,
শকুনি ফেলেছে ছায়া আমাদের মাথার উপরে উড়ি',
ফেলেছি হারিয়ে তৃণঘন বন, যত পুষ্পিত বন,
তবু দেখা যায় দূরে বহুদূরে হেরার রাজ-তোরণ..
শাহী দরজার সকল কপাট অনেক আগেই খোলা,
অনেক আগেই সেখানে দ্বাদশী জোছনা দিয়েছে দোলা ।

হে মাঝি! তোমার নোঙ্গর তুলবে না?
এখনো কি আছে দেবী?
হে মাঝি! তোমার পাল আজ খুলবে না?
এখনো কি তার দেবী?

The thrust of dry air on your closed door!
This is not moon-light, but murmur of dream on coconut boughs,
This is not fairyland's window, but the port of coconut;
It's the people's wailing on your closed door,
The last jingling of sitar pervades in the cries of hungry children.

You must hoist your sail today,
You must mend your tattered sail,
So what if the broken mast makes fun of it,
Still the ship must sail today.

Who knows when your dreamy night ended,
Stormy wind blows to-day on the door,
Its fang indicates death.
Your ivory tower tumbles with the strike of its tail.
O Sailor! don't stop by this indication of death,
Even then you must sail on this century's dead sea.

Night prevails here now,
The royal gate of Hera can still be seen far away.
Here people are trembling now in acute hunger,
Here tears flow in innumerable streams now,
Yet the royal gate of Hera can be seen far away...
Road bestrewn with pebbles,
Many obstacles, seas and mountains,
Noontime fiends come near crawling,
Vultures cast their shadows over us,
We have lost grassgreen groves and all flowering gardens,
Yet the royal gate of Hera can be seen far away...
All the royal gates opened long ago,
The full-moon had enchanted the palace long ago.

O Sailor! Won't you weigh your anchor?
Still to wait?
O Sailor! Won't you unfurl your sail today?
Still to wait for that?

বাতাসে কাঁপছে তোমার সকল পাল
এবার কোরোনা দেৱী,
নোনা পানি যদি ছুঁয়েছে তোমার হাল
তাহ'লে কোরোনা দেৱী,
এবার তাহ'লে বাজাও তোমার যাত্রার জয়ভেৱী,
আসুক যাত্রী পথিক, হে মাঝি এবার কোরোনা দেৱী ।

দেৱী হ'য়ে গেছে অনেক জানো তা তুমি,
ফিঁরে গেছে কত জাহাজ-ভাসানো দরিয়ার মৌসুমী,
কত এলাচের দানা উড়ে গেছে ঝড়ে
দার চিনি-শাখা ভেঙেছে বনাত্ৰ রে,
মেশ্কেৰ বাস বাতাস নিয়েছে লুটি'
মৃত্যু এখন ধ'রেছে তোমার টুটী,
দুয়াৰে জোয়াৰ ফেনা;
আগে বহু আগে ঝ'রেছে তোমার সকল হাসনাহেনা ।

সকল খোশবু ঝ'রে গেছে বুস্তানে,
নাৱঙ্গী বনে যদিও সবুজ পাতা--
তবু তাৰ দিন শেষ হ'য়ে আসে ক্ৰমে--
অজানা মাটীৰ অতল গভীৰ টানে
সবুজ স্বপ্ন ধূসৰতা ব'য়ে আনে
এ কথা সে জানে
এ কথা সে জানে ।

তবু সে জাগাবে সব সঞ্চয়ে নাৱঙ্গী ৰক্তিম,
যদিও বাতাসে ঝ'ৰছে ধূসৰ পাতা;
যদিও বাতাসে ঝ'ৰছে মৃত্যু হিম,
এখনো যে তাৰ জ্বলে অফুৱান আশা;
এখনো যে তাৰ স্বপ্ন অপৰিসীম ।

All your sails flutter with the wind,
No more to wait now,
Since your rudder touched saline water,
Then no more waiting,
Then blow your trumpet for departure now,
Let the passengers and wayfarers come,
O Sailor, don't wait now.

It's already very late, you know,
Many voyaging seasons of the sea passed by in vain,
Tempests scattered countless cardamom seeds
And cinnamon branches battered in forests,
Perfume's fragrance looted by the wind;
Death now has caught hold of your throat
And tidal bore at your door;
All your hasnahena flowers dropped long ago.

No fragrance in the flower-garden,
Though green leaves still exist in the orange grove,
Their days are numbered gradually;
Unknown soil's deep and intense pull
Brings an end to the dream for the green.
It knows that,
It knows that well.

Yet the soil will produce ripe oranges
With all its resources,
In spite of grey leaves dropping with the wind;
Though the wind brings death-like chill,
Yet endless hope kindles its heart;
Still it has limitless dream.

হে মাঝি! এবার তুমিও পেয়োনা ভয়,
তুমিও কুড়াও হেরার পথিক-তারকার বিস্ময়,
ঝাঁক ক এ ঝড়ে নারঙ্গী পাতা, তবু পাতা অগণন
ভিড় করে--যেথা জাগছে আকাশে হেরার রাজ-তোরণ ।

সে পথে যদিও পার হ'তে হবে মর ,
সে পথে যদিও দরিয়ার নোনা পানি,
তবুও সে পথে আছে মঞ্জিল, জানি আছে ছায়াতর
পথে আছে মিঠে পানি ।

তবে পাল খোলো, তবে নোঙ্গর তোলো;
এবার অনেক পথশেষে সন্ধানী!
হেরার তোরণ মিলবে সমুখে জানি ।
তবে নোঙ্গর তোলো,
তবে তুমি পাল খোলো,
তবে তুমি পাল খোলো ।।

O Sailor, you too should not fear,
You too gather the wonders of Hera's guiding star,
Let orange leaves shed with this wind—
Enough to spare,
They crowd together, where the royal gate of Hera
Shines in the sky.

Deserts to cross on that way,
Saline sea-water in that route,
Yet halting places exist on the way,
Shady trees and fresh water wait for you.

Then hoist your sail,
Then weight your anchor;
Now after many expeditions for the goal,
You will find the gate of Hera before you.
So you weighd your anchor now
And unfurl your sail;
Unfurl your sail Now.

Dhaka- 03.10.2006

পাঞ্জেরী

রাত পোহাবার কত দেরী পাঞ্জেরী?

এখনো তোমার আসমান ভরা মেঘে?
সেতারা, হেলাল এখনো ওঠেনি জেগে?
তুমি মাস্তুলে, আমি দাঁড় টানি ভুলে;
অসীম কুয়াশা জাগে শূন্যতা ঘেরি ।

রাত পোহাবার কত দেরী পাঞ্জেরী?

দীঘল রাতের শ্রান্ত সফর শেষে
কোন দরিয়ার কালো দিগন্তে আমরা প'ড়েছি এসে?
একী ঘন-সিয়া জিন্দিগানীর বা'ব
তোলে মর্সিয়া ব্যথিত দিলের তুফান-শ্রান্ত খা'ব,
অস্ফুট হ'য়ে ক্রমে ডুবে যায় জীবনের জয়ভেরী ।
তুমি মাস্তুলে, আমি দাঁড় টানি ভুলে;
সম্মুখে শুধু অসীম কুয়াশা হেরি ।

রাত পোহাবার কত দেরী পাঞ্জেরী?

বন্দরে ব'সে যাত্রীরা দিন গোণে,
বুঝি মৌসুমী হাওয়ায় মোদের জাহাজের ধ্বনি শোনে?
বুঝি কুয়াশায়, জোছনা-মায়ায় জাহাজের পাল দেখে ।
আহা পেরেশান মুসাফির দল
দরিয়া কিনারে জাগে তক্দিরে
নিরাশার ছবি এঁকে ।

পথহারা এই দরিয়া-সোঁতায় ঘুরে
চ'লেছি কোথায়? কোন সীমাহীন দূরে?
মুসাফির দল ব'সে আছে কুল ঘেরি ।
তুমি মাস্তুলে, আমি দাঁড় টানি ভুলে;
একাকী রাতের স্নান জুলমাত হেরি ।

PUNJERI

[THE NAVIGATOR]

When will the night end, punjeri?

Still your sky overcast with cloud?
Your star and crescent moon not yet up?
You on mast and, row blindfold;
Endless mist reigns the void now.

When will the night end, punjeri?

After this long night's weary voyage
What sea's dark horizon beckons us?
Is it the dim life's gate wailing
On the strife-torn dream of the painful heart?
Life's triumphant sound recedes and dies slowly.
You on mast and I row blindfold;
Endless mist exists before me.

When will the night end, punjeri?

Idle passengers count days in the port,
Perhaps they hear our ship's sound in the monsoon-wind,
Perhaps in the moonlight they see illusion of the sail in the mist.
Ah! those worried passengers keep them awake
On the sea-shore with unlucky destiny.

Where do we go roaming in this lost sea-track?
To what limitless distance?
The passengers are waiting on the shore.
You on mast and I row blindfold;
Lonely I see the night's confusion around.

রাত পোহাবার কত দেৱী পাঞ্জেরী?

শুধু গাফলতে, শুধু খেয়ালের ভুলে
দরিয়া-অথই ভ্রান্তি নিয়াছি তুলে,
আমাদের ভুলে পানির কিনারে মুসাফির দল বসি'
দেখেছে সভয়ে অস্ত গিয়াছে তাদের সেতারা, শশী;
মোদের খেলায় ধূলায় লুটায় পড়ি'
কেঁদেছে তাদের দুর্ভাগ্যের বিশ্বাস শৰ্বরী ।

সওদাগরের দল মাঝে মোরা ওঠায়েছি আহাজারী,
ঘরে ঘরে ওঠে ক্রন্দনধ্বনি আওয়াজ শুনছি তারি ।
ওকি বাতাসের হাহাকার,-ওকি
রোণাজারি ক্ষুধিতের ।

ওকি দরিয়ার গর্জন,-ওকি বেদনা মজলুমের ।
ওকি ক্ষুধাতুর পঁজরায় বাজে মৃত্যুর জয়ভেরী ।
পাঞ্জেরী!

জাগো বন্দরে কৈফিয়তের তীব্র অ রুটি হেরি,
জাগো অগণন ক্ষুধিত মুখের নীরব অ রুটি হেরি;
দেখ চেয়ে দেখ সূর্য ওঠার কত দেৱী, কত দেৱী ।।

When will the night end, punjeri?

Only our callousness and neglect
Brought this sea-deep error for us;
Travellers wait on shore for our mistake
And observe their star and moon sinking down.
Our callousness has brought on them
This night of bad luck.

We have spread panic among the merchants;
We hear wailing coming from every door.

Is the wind lamenting? Is that the groaning of the hungry?
Is that the roaring of the sea? Is that the anguish of the oppressed?
Is that the dying sound from the empty belly?
Punjeri!
Rise up to see the strong demand for explanation in the port;
Rise up with the silent frowning of countless hungry mouths;
Rise up and see, how far the morning,
How long to wait!!

Dhaka- 28.09.2006

লাশ

(তেরশো পঞ্চাশে)

যেখানে প্রশস্ত পথ ঘুরে গেল মোড়,
কালো পিচ-ঢালা রঙে লাগে নাই ধুলির আঁচড়,
সেখানে পথের পাশে মুখ গুঁজে প'ড়ে আছে জমিনের প'র;
সন্ধ্যার জনতা জানি কোনদিন রাখে না সে মৃতের খবর ।

জানি মানুষের লাশ মুখ গুঁজে প'ড়ে আছে ধরণীর প'র
ক্ষুধিত অসাড় তনু বত্রিশ নাড়ীর তাপে প'ড়ে আছে
নিসাড় নিথর,

পাশ দিয়ে চ'লে যায় সজ্জিত পিশাচ, নারী নর
--পাথরের ঘর,

মৃত্যু কারাগার,
সজ্জিত নিপুণা নটি বারান্দা খুলিয়াছে দ্বার
মধুর ভাষণে,
পৃথিবী চষিছে কারা শোষণে, শাসনে
সাম্রাজ্য তার রাজপথে জমিনের প'র
সাড়ে তিন হাত হাড় রচিতছে মানুষের অস্ত্র ম কবর ।

প'ড়ে আছে মৃত মানবতা
তারি সাথে পথে মুখ গুঁজে ।
আকাশ অদৃশ্য হ'ল দান্ডিকের খিলানে, গম্বুজে
নিত্য স্ফীতদর
এখানে মাটিতে এরা মুখ গুঁজে মরিতেছে ধরণীর প'র ।

এ পাশব অমানুষী ত্রুর
নির্লজ্জ দস্যুর

পৈশাচিক লোভ
করিছে বিলোপ
শাস্ত মানব-সত্তা, মানুষের প্রাপ্য অধিকার,
ক্ষুধিত মুখের গ্রাস কেড়ে নেয় রু ধিয়া দুয়ার,
মানুষের হাড় দিয়ে তারা আজ গড়ে খেলা ঘর;
সাম্রাজ্য তার প'ড়ে আছে মুখ গুঁজে ধরণীর প'র ।

THE DEAD-BODY

[During famine of 1943]

On one side at the corner of the broad street
Where dust had no place on black shining pitch
Lies a dead body flat on earth;
The evening crowd never took notice of that.

I know, it's human carcass now flat on earth,
Emaciated with heat and hunger dead and still;
Well-dressed men and women like fiends pass by
—Stone houses like deadly prisons,
The painted harlots have opened their brothels
With welcome smile and speech;
This five and half feet skeleton gives evidence
Against the plunderers of this earth for domination,
And digging ultimate grave for man.
Dead humanity lies on the road along with the dead.

The sky has disappeared behind the arrogant's vaults and domes,
His belly over bulging everyday;
And here they are dying flat on earth.
This devilish inhuman bestial greed of the plunderers
Has destroyed the eternal human soul
And man's legitimate right,
Snatches away the morsel of the hungry mouth;
Builds pleasure-houses with human bones;
Its witness now lies dead on earth.

স্ব্ফীতোদর বর্বর সভ্যতা--
এ পাশবিকতা,
শতাব্দীর ত্রু-রতম এই অভিশাপ
বিষাইছে দিনের পৃথিবী;
রাত্রির আকাশ ।

এ কোন্ সভ্যতা আজ মানুষের চরম সত্তাকে
করে পরিহাস?
কোন্ ইবলিস আজ মানুষের ফেলি মৃত্যুপাকে
করে পরিহাস?
কোন্ আজাজিল আজ লাথি মারে মানুষের শবে?
ভিজায়ে কুৎসিত দেহ শোণিত আসবে
কোন্ প্রেত অউহাসি হাসে?
মানুষের আর্তনাদ জেগে ওঠে আকাশে আকাশে!
কোন্ প্রবৃত্তির কাছে আজ ওরা পড়িয়াছে বাঁধা?
গোলাবের পাপড়িতে ছুড়িতেছে আবর্জনা, কাদা
কোন্ শয়তান?
বিষাক্ত কামনা দিয়ে কে ভরায় আকাশের রঙিন খিলান?
কার হাতে হাত দিয়ে নারী চলে কাম সহচরী?
কোন্ সভ্যতার?
কার হাত অনায়াসে শিশু কঠে হেনে যায় ছুরি?
কোন্ সভ্যতার?
পাঁজরার হাড় কেটে নৃত্য সুর জেগে ওঠে কার?
শ্রমিকের রক্তপাতে পান-পাত্র রেঙে ওঠে কার?
কোন সভ্যতার?

মানুষ তোমার হাতে করিয়াছে কবে আত্মদান,
তারি শোধ তুলে নাও হে জড়-সভ্যতা শয়তান!
শিশুর শোণিত হেসে অনায়াসে করিতেছে পান,
ধর্ষিতা নারীর দেহে অত্যাচার করিছ অশ্মন,
জনতার সিঁড়ি বেয়ে উর্ধে উঠি অতি অনায়াসে
তারে তুমি ফেলে যাও পথ প্রান্তে নর্দমার পাশে ।

This ever bulging barbaric civilization, this bestiality,
This cruelest curse of the century
Is now poisoning the day and the night-sky.

What's this civilization that makes a mockery of man's eternal self?
What devil now throws man into death-trap and laughs?
What Azazil (Satan) to-day kicks man's dead-body?
What evil spirit soaked in blood and wine now laughs?
The skies are resounding with man's helpless cries.

What instinct's captive are they now?
What Satan throws rubbish and mud on rose-petals?
Who covers the sky's colourful vault with his poisonous desire?
What woman walks hand-in-hand with her sex-partner?
Of what civilization?
What hand cuts the throat of the child without remorse?
Of what civilization?

Who stabs the bosom to play his dance-tune?
Whose wine cup glows with the blood of workers?
Of what civilization?
Man surrendered to you long-ago,
You take revenge of that now. You the devilish
materialistic civilization!

You easily drink children's blood with a smile,
Without any regret you torture the raped woman's body,
You climb without effort the ladder of the people
And then cast it on the roadside drain.

জড়পিণ্ড হে নিঃস্ব সভ্যতা!
তুমি কার দাস?
অথবা তোমারি দাস কোন্ পশুদল!
মানুষের কী নিকৃষ্ট জ্ঞান!
যার অত্যাচারে আজ প্রশান্তি; মাটির ঘর : জীবন্ত কবর
মুখ গুঁজে প'ড়ে আছে ধরণীর প'র ।

সুসজ্জিত-তনু, যারা এই জড় সভ্যতার দাস,
যাদের পায়ের চাপে ডুকরিয়া কেঁদে ওঠে পৃথিবী, আকাশ,
তারা দেখে নাকো চেয়ে কী কলুষ দুর্গন্ধ পুরীষে
তাদের সমগ্র সভা পশুদের মাঝে চলে মিশে!
কুকুর, কুকুরী
কোন্ ব্যভিচারে তারা পরস্পর হানিতেছে ছলনার ছুরি,
আনিছে জারজ কোন্ মৃত সভ্যতার পদতলে!
উর র ইঙ্গিত দিয়ে তাদের নারীরা আজ মৃত্যুপথে চলে,
লোভের বিকট ক্ষুধা বুকে নিয়ে অত্যাচারী পুর ঘেরা চলে,
মানুষের পথ ছেড়ে বহু নিম্নে মৃত্যুর অতলে ।

তাহাদেরি শোষণের ত্রাস
করিয়াছে গ্রাস
প্রশান্তির ঘর,
যেথা মুখ গুঁজে আছে শীর্ণ শব ধরণীর প'র ।

হে জড় সভ্যতা!
মৃত-সভ্যতার দাস স্ফীতমেদ শোষণক সমাজ!
মানুষের অভিশাপ নিয়ে যাও আজ;
তারপর আসিলে সময়
বিশ্বময়
তোমার শৃঙ্খলগত মাংসপিণ্ডে- পদাঘাত হানি'
নিয়ে যাব জাহান্নাম দ্বার-প্রান্তে টানি';
আজ এই উৎপীড়িত মৃত্যু-দীর্ণ নিখিলের অভিশাপ বও :
ধবংস হও
তুমি ধবংস হও ।।

You spent-up inert civilization!
Whose slave are you?
Or, what set of beasts serve you!
What lowly stage of man!
After whose torture this serenity; this mud-house : burial alive,
It now lies flat on earth.

Those well-dressed people, who are slaves of this
material civilization,
Whose torture makes this earth and sky wail,
Do not mark what bad smell of excrement engulfs
Their whole existence and has now brought them to the level
of beasts.

Dogs and bitches
Now deceive one another in what sort of adultery
And bring bastards for what dead civilization!
The gesture of the meeting-place of the legs
Leads their women towards death,
The tyrant males walk with intense greed in their hearts
Far below in the abyss of death discarding human course.

The panic of their exploitation has engulfed
The abode of tranquility
Where on earth lies the emaciated carcass.

O you materialistic civilization!
You pot-bellied exploiting society –slave of dead civilization,
Now take people's curse;
And when the time comes throughout the world,
We will kick your chained loin
And drag you to the gate of hell;
Now you bear the curse of the tortured and dying earth :
Be ruined
And go to hell.

Dhaka- 26.09.2006

ডাহুক

রাত্রিভ'র ডাহকের ডাক.....

এখানে ঘুমের পাড়া, জ্বলদীঘি অতল সুপ্তির!
দীর্ঘ রাত্রি একা জেগে আছি ।

ছলনার পাশা খেলা আজ প'ড়ে থাক,
ঘুমাক বিশ্রান্ত শাখে দিনের মৌমাছি,
কাণ পেতে শোনো আজ ডাহকের ডাক ।

তারার বন্দর ছেড়ে চাঁদ চলে রাত্রির সাগরে
ক্রমাগত ভেসে ভেসে পালক মেঘের অস্ত্র রালে,
অশ্রান্ত ডুবুরি যেন ক্রমাগত ডুব দিয়ে তোলে
স্বপ্নের প্রবাল ।

অবিশ্রাম ঝ'রে ঝ'রে পড়ে
শিশির পাখার ঘুম,
গুলে বকৌলির নীল আকাশ মহল
হ'য়ে আসে নিসাড় নিঝুম,
নিভে যায় কামনা চেরাগ;
অবিশ্রান্ত ওঠে শুধু ডাহকের ডাক ।

কোন্ ডুবুরির
অশ্রীরী যেন কোন্ প্রচ্ছন্ন পাখীর
সামুদ্রিক অতলতা হ'তে মৃত্যু-সুগভীর ডাক উঠে আসে,
ঝিমায় তারার দীপ স্বপ্নাচ্ছন্ন আকাশে ।

তুমি কি এখনো জেগে আছো?
তুমি কি শুনছো পেতে কাণ?
তুমি কি শুনছো সেই নভঃগামী শব্দের উজান?

ঘুমের নিবিড় বনে সেই শুধু সজাগ প্রহরী ।
চেতনার পথ ধরি চলিয়াছে তার স্বপ্ন-পরী,
মহুর হাওয়ায় ।
সাথী তন্দ্রাতুর ।

DAHUK

[GALLINULE, AN ACQUATIC BIRD]

Dahuk's cooing all through the night...

This hamlet is sleeping like a deep silent pond.

I am awake alone in this long night.

Keep aside the game of deception,
Let the day-long busy bee sleep on the reposing branch,
Lend your ear and listen to the dahuk's cooing.

The moon leaves the starry port and starts for the night's sea
Continuously floating behind the feathery cloud,
As if the tireless diver dives without rest
To bring up the pearl of his dream.
Dripping without rest
Sleepy dew-drops,
The blue aerial palace of Gul-e-Bakauli
Slowly becomes inert and silent;
The cooing of the dahuk only comes up without rest.

As if the death-knell of some diver
Or of a hidden ethereal bird
Comes up from the sea-deep;
Starry lamps are dozing in the dreamy skies.

Are you still awake?
Do you hear the sound?
Do you hear that sound rising high?

The dahuk is the only wakeful sentry in the sleeping forest;
Its dream's fairy has taken the course of consciousness
Through the slow air.
It's, mate drowsing.

রাত্রির পেয়ালা পুরে উপচিয়া প'ড়ে যায় ডাহকের সুর ।

শুধু সুর ভাসে

বেতস বনের ফাঁকে চাঁদ ক্ষ'য়ে আসে

রাত্রির বিষাদ ভরা স্বপ্নাচ্ছন্ন সাঁতোয়া আকাশে ।

মনে হয় তুমি শুধু অশরীরী সুর!

তবু জানি তুমি সুর নও,

তুমি শুধু সুরযন্ত্র! তুমি শুধু বণ্ড

আকাশ-জমানো ঘন অরণ্যের অজ্ঞ লীন ব্যথাতুর গভীর সিঙ্কুর

অপরূপ সুর.....

অফুরান সুরা.....

শব্দ হ'য়ে আসে নীল জোছনা বিধুরা

ডাহকের ডাকে!

হে পাখী! হে সুরাপাত্র! আজো আমি

চিনিনি তোমাকে ।

হয়তো তোমাকে চিনি, চিনি ঐ চিত্রিত তনুকা,

বিচিত্র তুলিতে আঁকা

বর্ণ সুকুমার ।

কিন্তু যে অপূর্ব সুরা কাঁদাইছে রাত্রির কিনার

যার ব্যথা-তিক্ত রসে জ'মে ওঠে বনপ্রান্তে বেদনা দুঃসহ,

ঘনায় তমালে, তালে রাত্রির বিরহ

সেই সুর পারিনা চিনিতে ।

মনে হয় তুমি শুধু সেই সুরাবাহী

পাত্র ভরা সাকী ।

উজাড় করিছ একা সুরে ভরা শারাব-সুরাহি

বনপ্রান্তে নিভৃত একাকী ।

হে অচেনা শারাবের 'জাম' ।

যে সুরার পিপাসায় উন্মুখ, অধীর অবিশ্রাম

সূর্যের অজানা দেশে

তারার ইশারা নিয়ে চলিয়াছ এক মনে ভেসে

সুগভীর সুরের পাখাতে,

জ'র রাতে

The dahuk's music overflows the night's cup.
Only its cadence lingers,
The moon is waning through the cane-grove,
Up above, the dreamy seventh sky is full of the night's sadness.

You seem to be an ethereal music!
Yet I know, you are no music,
You are only the musical instrument!
You are only carry the forest's hidden sad music,
The deep sea's saddening
Wonderful music...
Inexhaustible wine...
The distressed blue moonlight is waning
With the call of the dahuk.
O bird! O the wine-cup! I could not
Realize you yet.

Perhaps I know you; I know your speckled body,
Artful colour painted
With a gaudy brush.
But the wonderful cadence that made this fading night cry,
Whose saddening beauty accumulates at the forest's end
In an intolerable pain
And settles on palm and other trees—
I cannot recognize that music.

Perhaps you are only that Saki
To fill up the cup.
Alone at one side of the bush
You are emptying the pitcher of music.

O you the unknown wine cup!
You are eager for the wine, restless and impatient
Rise to the unknown region of the sun
With the signal of the stars you float single-minded
In the silent night

বেতস প্রান্তর ঘিরে
তিমির সমুদ্র ছিঁড়ে
চাঁদের দুয়ারে,
যে সুরার তীব্র দাহে ভেসে চলো উত্তাল পাথারে,
প্রান্তরে তারারা ঝরে
সেই সুরে ঝরে পড়ে
বিবর্ণ পালক,
নিমেষে রাঙায়ে যায় তোমার নিষ্প্রভ তনু বিদ্যুৎ ঝলক,
তীব্র-তীব্র গতি নিয়ে ছুটে যায় পাশ দিয়ে উল্কার ইশারা,
মৃত অরণ্যের শিরে সমুদ্রের নীল ঝড় তুলে যায় সাড়া
উদ্দাম চঞ্চল;
তবু অচপল
গভীর সিঙ্কুর
সুদুর্গম মূল হ'তে তোলো তুমি রাত্রিভরা সুর ।

ডাহকের ডাক....
সকল বেদনা যেন, সব অভিযোগ যেন
হ'য়ে আসে নীরব নির্বাক ।

রাত্রির অরণ্যতটে হে অশ্রান্ত পাখী!
যাও ডাকি ডাকি
অবাধ মুক্তির মত ।

ভরানত
আমরা শিকলে,
শুনিয়া তোমার সুর, নিজেদেরি বিষাক্ত ছোবলে
তনুমন করি যে আহত ।
এই স্মল কদর্যের দলে তুমি নও,
তুমি বও
তোমার শৃঙ্খল-মুক্ত পূর্ণ চিন্তে জীবনমৃত্যুর
পরিপূর্ণ সুর ।

তাই তুমি মুক্তপক্ষ নিভৃত ডাহক,
পূর্ণ করি বুক
রিক্ত করি বুক
অমন ডাকিতে পারো । আমরা পারিনা ।

Around the cane-bush
Piercing the sea of darkness
On the door of the moon
With the burning for the wine you float on the turbulent sea
In the horizon with the shooting star;
Your pale feathers drop
With that music,
Your dull body flares up in a moment with lightning,
The shooting star passes by it with violent speed,
The blue sea-storm keeps its mark on top of the dead forest
Violent and vigorous;
Yet from the inaccessible bottom
Of the deep sea
Steadily
You bring up music throughout the night.

With the dahuk's cooing
All pain all complaint becomes wordless and silent.

O tireless bird in the forest of the night!
You continue calling
Like boundless freedom.
We are stooping down
With the weight of chains,
We do not hear your music,
We hurt our body and soul
With our own poisonous bites.

You do not belong to this ugly hoard;
You carry with you
The complete music of life and death
In your unfettered perfect soul.

That's why you, the free and secluded dahuk,
With full-throated breast
Pumping it out
Can call like that; but we cannot.

বেতস লতার তারে থেকে থেকে বাজে আজ বাতাসের বীণা;
ক্রমে তা'ও থেমে যায়,
প্রাচীন অরণ্যতীরে চাঁদ নেমে যায়;
গাঢ়তর হ'ল অন্ধকার ।
মুখোমুখি ব'সে আছি সব বেদনার
ছায়াচ্ছন্ন গভীর প্রহরে ।
রাত্রি ঝ'রে পড়ে

পাতায় শিশিরে....
জীবনের তীরে তীরে....
মরণের তীরে তীরে....
বেদনা নির্বাক ।

সে নিবিড় আচ্ছন্ন তিমিরে
বুক চিরে, কোন ক্লান্ত কণ্ঠ ঘিরে দূর বনে ওঠে শুধু
তৃষাদীর্ণ ডাহকের ডাক ।।

The windy lute sings now and then in the cany strings;
Slowly it dies down,
The moon comes down to the old forest;
The darkness becomes deeper.
At this dark depth of night
I am face to face with all the pathos.
The night is dropping down
On leaves and dew-drops...
On life's shores...
On the banks of death...
Mute with pain.
At that moment of clouded darkness
Piercing the heart of the thirsty dahuk
Comes up only its voice,
With a tired tone from the distant forest.

Dhaka- 30.09.2006

ঝরকায়

মুসাফির জনতার মৃদুশব্দ নিম্নমুখ নীল পেয়ালায়
মিশে গেল আকাশের স্তম্ভ ঝরকায় ।
সূর্য্য পাহাড়ে লুপ্ত অগ্নিবর্ণ গুলর থ শিখা ।

অন্ধ পরিক্রমা-প্রান্ত সে তীব্র দাহিকা
স্মৃতি শুধু দূর বনান্তে র ।
শিরিষের
শাখা ছেড়ে আরো দূরে রজনীগন্ধার,
হেনার;
কিস্বা বাগদাদের
হাজার রাত্রির এক রাত এল নেমে!

হে প্রিয়া শাহেরজাদী! তুমি আজ কী অজ্ঞাত প্রেমে
জেগে ওঠো শঙ্কায়, লজ্জায়?
তোমার সকল প্রেম আবার লুকাতে চায়
নেকাব-প্রচ্ছায়?

বৃথা বাজে রিনি বিনি
হীরার জেওর!

হে ছলনাময়ী! অন্ধ পুর ষের, পৌর ষের কেড়ে নাও শ্রান্ত ঘুমঘোর,
ছাড়াও পরাগ রক্তাধরা
জাফরানের মুধু-গন্ধ ভরা ।
রাত্রি আজ গাঢ় বন! মন
দক্ষিণ হাওয়ায় ভেসে মুসাফির উজানী-পবন,
গন্ধ খুঁজে ফেরে ।

আকাশের করিয়া চৌচির
তার কান্না লুটে পড়ে
উত্তর সাগর তীরে দক্ষিণের সামুদ্রিক ঝড়ে,
সন্ধান করে সে ইতস্তত
নীড় তার শাবণের পাখীদের মত ।

Through The Window

The traveling crowd's soft sound over blue cups
Vanished to the sky's silent window.
The fiery flame of the gulrukh flowers
Died down in the collyrium hill.

That strong burning has stopped after the dammed journey.

Except the memory of the far off forest.
It lift rain tree branches and went further
Down to tuberose and henna;
Or, Baghdad's one night
Out of the thousand nights came down.

O dear shaerjadi!
What unknown love now wakes you up
In fear and bashfulness?
Does all your love try again
To conceal behind your veil?

Fruitless is the tinkling
Of your diamond ornaments
O you pretender! you snatch away
The tired sleep of the blind male
And his manliness;
You spread red pollen
Full of saffran's sweet smell
This night is deep and dark. The mind,
Riding on upstream southerly wind
Travels to find out that sweet smell.

Splitting the sky its tears fall down
On the North sea
With the southerly hurricane
And search for its nest here and there
Like birds in the rains.

গন্ধ আসে দুর্ভাগ্যের হাতে ।
হে প্রিয়! ভেসেছি আমি দীর্ঘ নওবাহারের ঘন নীল শ্রোতে,
তখন তোমার ও সুবভি ভার
স্পর্শ করি গেছে বারে বারে;
প্রখর আতশী শ্রোতে ভেসে আমি চাইনি তোমারে ।

আজ আমি খুঁজে মরি
পাতায় পাতায়, ঘাসে ঘাসে,
পাই না তোমাকে । শুধু বহু দূর হ'তে গন্ধ আসে
ভেসে যায় মাঠ, মন মুহূর্তের রক্তিম প্রশ্বাসে ।
তারপর ক্ষণদীপ্ত সে প্রাতঃর পারে
পাই না তোমারে ।

আজ তার গন্ধ আসে, রাত্রির নিশ্বাসে তুষাতুর হৃদয় আমার
জানি যে তোমারে, তাই আগে বহু আগে বারবার
লায়লির ইশারায় বুকে পুরে তার শ্যের লেলিহ আঙুন
সবুজ দিগন্ত তার পাড়ী দিয়ে চ'লে গেছে কবে মজুনন
ধূসর জগতে!
পরতে পরতে
এঁকে গেছে, রেখে গেছে তারা
ওয়েসিস বুকে নিয়ে হেসেছে সাহারা;

স্বপ্ন মর ভূর
হয়তো জ্বলন্ত তার ক্ষুদ্র বুকে দীউয়ানা সে সুর
চলিষ্ণু জীবন-শ্রোতে ভাসমান গতির প্রবাহ
মুছে নিয়ে গেছে তার আকাশের দাহ
দিয়ে গেছে প্রশান্তি নিরুমা
মর ভূর ঘুম-----

Sweet smell comes from a distance.
O Dear! I have swam
In the deep blue tide
of long new spring.
And at that moment I touch
Your fragrant body again and again;
But I did not want you
While swept by strong fiery stream

Now I search for you
in leaves and grasses
But I do not find you
Only the smell comes
From a far off distance;
And fills the meadows and mind
With momentary hot sighs
But in that momentary vibrant meadow
I don't find you;
Only its smell comes now.
My mind is eager along with the nights sighs;
And yours also. that's why long long age
many many times majnoon
Contained his youth's blazing fire in his chest
With Laila's beckoning
And left his green horizon to find
A dusty world.

At every phase they created
An oasis and then left it;
The desert contained it in its bosom
And laughed along with it.
That desert-dream is perhaps steel ablaze
In his insolent heart
Creating a mad cadence;
The continuous flow of life's running current
Has cooled down his sky's heat
And gave him deep solace-
A desert's sleep...

তোমাকে সুন্দর করে সে আমার প্রেম
অন্তরের ছাণ,
দিন রাত্রি ঝরে ঝরে পড়ে
দীর্ঘ পদ্মনাল বেয়ে পাঁপড়ির পরে----
ভরে ওঠে মনের আকাশ দীর্ঘশ্বাস অপরাহ্ন বেলা

পাপড়ির দ্বার র খি পদ্মের সুরভি কোথা চলেছে একেলা,
পিছে ফেলে পরিত্যক্ত পাপড়ির বাস,
ভেসে চলে মন, দূর ভেসে চলে সুরভি প্রশ্বাস,
জানিনা কোথায়--

ব'সে আছি অন্ধকারে নিশীথ-প্রচ্ছায়,
পাপড়ি যায় না দেখা, আজ শ্রান্ত ধমনীর আগ্নেয় উৎসব।
শুধু একা করি অনুভব
তোমার হারানো গন্ধ সুরভি-প্রশ্বাস,
মনের অলিন্দে শুধু দেখা দেয় তন্দ্রাতুর তোমার আকাশ!

মুগ্ধ মন আকুল সৌরভে
নাহি জানি ভুলেছে সে কবে
রজনীগন্ধার স্নিগ্ধ ভীর বাতায়ন,
র দ্ব কারা দ্বার ভাঙি আজ সে করিছে দূরে কার অশ্বেষণ।
নৈশ বাতাসের তীরে আঁধারের বুক চিরে
নেমে আসে ঘুম।

মনে হয় আকাশ কুসুম
তোমার সন্ধান।

তবু লাগে জোয়ারের টান,
সুপ্তির অতলে যেয়ে হানা দেয় জাগ্রত চেতনা,
কী অসহ্য বেদনায় লাগে বুক সৌরভ-মুর্ছনা!
বন-চামেলির স্রোতে ভেসে চাই কোথায় সুদূরে
ভারাক্রান্ত তনু ছেড়ে মন আজ ফেরে ঘুরে ঘুরে দক্ষিণ বাতাসে
নিজেকে হারিয়ে ফেলে ছুটে চলে ব্যাকুল আশ্বাসে।
পড়ে থাকে ধুলিমুঠি, থাকে ভ্রান্ত অহংকার-
ভাথাতুর হ'য়ে ওঠে সমগ্র চেতনা, সত্তা, মনের কিনার।

You are beautified by my love-
 My heart's fragrance;
 It swells up day and night
 Through the long lotus stalk
 And fills the petals...
 My mind's sky is covered with sighs
 Through out the evening;
 The petal's outlet closes
 And its fragrance discards its habitat
 And flows away alone,
 My mind floats, the fragrance recedes further-
 I do not know where.
 I am sitting in the darkness of this night;
 The petals cannot be seen;
 The fiery riot of the veins is tired tonight.
 Only I alone can feel
 Your lost smell, your fragrant breath,
 Your drowsy sky appears
 Only in my mind's balcony.

My enchanted mind is overjoyed with the fragrance,
 I know not when she forgot
 The sweet shy window of the tube-rose;
 Breaking the closed prison door
 Whom she seeks now in far-off places!
 From the deep dark
 With the night's breeze
 Comes down the sleep.

It seems impossible to know your whereabouts;
 Yet I feel the tide's pull;
 My wakeful mind haunts my deep slumber.
 What an unbearable sadness brings this melodious fragrance to
 my bosom!
 My mind lifts itself from the afflicted body,
 Floats afar with the wild jasmine-smell
 And runs with the southerly wind

ধুলিতলে মিশে যায় রজনীগন্ধার-সুঠাম, সুগোল তনুতল,
 ফোটায়ে বিশুভ্র দল, ঝরায়ে সুরভি অনর্গল
 আরণ্য হেনার ঝড়ে সৌরভ মর্মরে-
 ভুলে যেয়ে আবর্তের টান,

অন্তরের ছাণ,
 পাপড়ির রূপ ছিঁড়ে খোঁজে সে গভীর মূলে সুরভি বিতান---

এখন
 প্রশান্ত বাতাসে শুধু জাগিতেছে গুলেনার বন,
 থেমে গেছে যত কথা, গান,
 তোমার হারানো স্মৃতি নিয়ে এল এ আকাশ-ভরানো তুফান ।

তোমাকে সুন্দর করে সে আমার প্রেম-
 অন্তরের ছাণ-

দিন রাত্রি ঝরে ঝরে পড়ে

পাপড়ির পরে,

মনের আকাশে

প্রশান্ত সুপ্তির মত ব্যথাভারক্রান্ত তার গন্ধ ভেসে আসে ।

After that firm assurance.
The dust unto dust, false pride is left behind-
Our entire conscience, ego and mind are saddened

The robust lovely tuberose vanishes under the dust
After blooming and scattering sweet smell
In wild jasmine's heart,
It forgets the pull within
And the fragrance there and
Drops in petals to find out the abode of
That sweet smell deep inside...

Now
The soft breeze wakes up the pomegranate garden,
All words and songs have died down;
Only your lost memory has revived
This sky-high tempest in my mind.

You are beautified by my love,
My heart's fragrance-
It swells up day and night
And drops on the petals;
And its smell comes down on my distressed mind
Like a deep sound sleep.

Manchester, U.S.A
11.09.2008

স্বপ্নের সীমা (স্বপ্নের সীমা)

হৃদয়ে হৃৎকম্প বেগে এক স্পন্দ স্পন্দী-ধ্বনি-
চাঁদে বেগে পাবে সন্ধ্যার সন্ধ্যা-উৎসাহী-
অন্যভাবে প্রেমের সুরে তঁর বিলাসিতা পূর্ণ পথসংলম্বী-
ও স্তম্ভে অস্বস্তি বনে (এনে বলে আমারে ধ্বনি
সিঁদুরে-প্রাণের সুরে হৃৎকম্পে (আমরা সিন্ধুসীমায়-
(যেহেতু হৃৎকম্পে বিলাসিতা-সুরে বিলাসিতা-সুরে,
চাঁদে-জোয়ার-সুরে-প্রাণের সুরে-আমাদের হে হৃৎকম্পে-
~~এই স্বপ্নের সীমা-সুরে-উৎসাহী-
অন্য বিলাসিতা-সুরে-উৎসাহী-প্রাণের সুরে~~

স্বপ্নের সীমা
নিঃসঙ্গ-অস্বস্তি; উৎসাহী-স্পন্দে-সুরে-
স্বপ্নের সীমা-সুরে-উৎসাহী-স্পন্দে-সুরে-
হৃদয়ে-স্বপ্নের সীমা-সুরে-উৎসাহী-স্পন্দে-সুরে-
: সিঁদুরে-স্বপ্নের সীমা-সুরে-উৎসাহী-স্পন্দে-সুরে-
আমাদের সুরে-স্বপ্নের সীমা-সুরে-উৎসাহী-স্পন্দে-সুরে-
এ স্বপ্নের সীমা-সুরে-উৎসাহী-স্পন্দে-সুরে-

কবির স্বহস্তে লিখিত পাণ্ডুলিপি

ফরর খ আহমদের নির্বাচিত সনেটের ইংরাজি অনুবাদ

বাংলা সাহিত্যে আধুনিকতার জনক হিসাবে খ্যাত মাইকেল মধুসূদন দত্ত প্রথম বাংলা ভাষায় সনেট রচনা করেন। ইংরাজি সনেটের অনুকরণে রচিত কবিতাকে তিনি চতুর্দশপদী কবিতা হিসাবে আখ্যায়িত করেছেন। মধুসূদনের পরে যঁারা সনেট রচনা করেছেন, তাঁদের মধ্যে কবি ফরর খ আহমদ বিশেষ উল্লেখযোগ্য। ফরর খ আহমদ সনেটের বাংলা নামকরণ করেছেন ‘মুহূর্তের কবিতা’। কবি তাঁর রচিত সনেট গ্রন্থের নামকরণও করেছেন ‘মুহূর্তের কবিতা’। এতে উৎসর্গ পত্রের সনেটটিসহ মোট ১০১টি সনেট সংকলিত হয়েছে। তাঁর রচিত ‘দিলর বা’ সাত ভূবক বিশিষ্ট ৪৮টি সনেট-পরম্পরার (সনেট-সিকোয়েন্স) এক অনবদ্য সংকলণ। এছাড়া, তাঁর রচিত প্রায় সব গ্রন্থেই কিছু কিছু সনেট সন্নিবেশিত হয়েছে। তাঁর রচিত সনেটের সংখ্যা কয়েক শত। সংখ্যার দিক দিয়ে যেমন, মানের দিক দিয়েও তেমনি তাঁর সনেট বিশেষ বৈশিষ্ট্যের অধিকারী।

‘ফরর খ একাডেমী পত্রিকা’র চতুর্দশ, জুন ২০০৭ সংখ্যায় ফরর খ আহমদের মোট ১২টি সনেটের ইংরাজি অনুবাদ মুদ্রিত হয়। পরবর্তীতে আরো ছয়টি সনেটের ইংরাজি অনুবাদ ছাপা হয়। সনেটগুলো ফরর খ আহমদের ‘মুহূর্তের কবিতা’, ‘দিলর বা’ ও ‘ফরর খ আহমদের শ্রেষ্ঠ কবিতা’ কাব্যগ্রন্থ থেকে সংগৃহীত।

কবি আবদুর রশীদ খানের (জন্ম- ১৯২৪) যোগ্য ও আত্মরিক চেষ্ঠায় অনূদিত সনেটগুলি ইংরাজি ভাষা-ভাষীদের নিকট ফরর খ আহমদের পরিচিতি তুলে ধরার ক্ষেত্রে সহায়ক হবে।

—মুহম্মদ মতিউর রহমান

মুহূর্তের কবিতা

সময়- শাস্ত, স্থির। শুধু এই খঞ্জন চপল
গতিমান মুহূর্তেরা খরশ্রোতে উদ্দাম, অধীর
মৌসুমী পাখীর মত দেখে এসে সমুদ্রের তীর,
সফেদ, জরদ, নীল বর্ণালিতে ভরে পৃথ্বীতল।

সন্ধ্যাগোধূলির রঙে জান্নাতের এই পাখী দল
জীবনের তপ্ত শ্বাসে, হৃদয়ের সান্নিধ্যে নিবিড়,
অচেনা আকাশ ছেড়ে পৃথিবীতে করে আসে ভীড়;
গেয়ে যায় মুক্তকণ্ঠে মৃত্যুহীন সঙ্গীত উচ্ছল।

মুহূর্তের এ কবিতা, মুহূর্তের এই কলতান
(মুহূর্তের এ কবিতা, মুহূর্তের এই সব গান-)
হয়তো পাবে না কণ্ঠে পরিপূর্ণ সে সুর সম্ভার,
হয়তো পাবে না খুঁজে সাফল্যের, পথের সন্ধান,-
সামান্য সঞ্চয় নিয়ে যে চেয়েছে সমুদ্রের পার;
তবু মনে রেখো তুমি নগণ্য এ ক্ষণিকের গান
মিনারের দম্ভ ছেড়ে মূল্য চায় ধূলিকণিকার।।

(মুহূর্তের কবিতা)

**The English Translation of Some Selected
Sonnets of Farrukh Ahmad
By Abdur Rashid Khan**

A MOMENT'S POEM

Time – eternal, still. Only the fleeting moments
Swift restless like the wag-tail visit the sea-shore
In the strong tide just like the seasonal birds
And fill the earth with a spectrum-white yellow and blue.

These heavenly birds leave the unknown sky
And rush towards the earth in dusky twilight
For the sighs of life, very intimate to the heart,
And sing in a passionate tone the eternal song.

This poem of a moment, these momentary songs
May not reach that height of music,
May not find its way to success;
They braved for the sea-shore with little capital.
Yet you keep in mind : this worthless momentary song
Discards the minaret's arrogance and prizes the dust.

Dhaka- 24.09.2006

কবিতার প্রতি

আর একবার তুমি খুলে দাও ঝরোকা তোমার,
আসুক তারার আলো চিত্রার জটিল উর্ণাজালে,
যে মন বিক্ষত, আজ জাগুক তোমার ছন্দে তালে
এখানে সমস্যাকীর্ণ এ জগতে এস একবার ।

পৃথিবীর প্রয়োজন করিনি কখনো অস্বীকার,
তবু মনে রেখো তুমি পলায়নী মনোবৃত্তি নয়,
যে পারে সহজে নিতে আনন্দের রক্তিম সঞ্চয়
সংগ্রামের পথ র দ্বি কোন দিন হয় না তো তার ।

আরক্তিম গোলাবের পাপড়িতে, গোধূলি ধূসর
হৃদয়ে জাগে যে স্বপ্ন, যে স্বপ্ন শিশুর মুগ্ধ চোখে,
তার গ্যের কলগানে প্রতিক্ষণে যে স্বপ্ন সুন্দর
জাগায় রোমাঞ্চ তার অফুর্ত প্রাণের ঝলকে

যে স্বপ্ন বিভ্রান্ত মনে মোহমায়া আনে নিরন্তর
সে স্বপ্ন নামুক এই পথ-শ্রান্ত গোধূলি আলোকে ।।

(মুহূর্তের কবিতা)

TO MY POEM

Once again you open wide your window,
Let starry light fall on the cobweb of thought,
Let the wounded mind rise with your measure and rhyme,
Come once to this world beset with dilemma.

I have never denied earthly needs,
(But remember : no escapism,
One who can easily get the hectic flush of joy
Never finds the road to struggle closed).

The dream that exists in red rose-petals,
In dusky hearts and child's enchanted eyes,
The lovely dream with youthful melody that thrills
Each moment with endless lustre of life,

The dream that always ensnares confused minds
Let that come down through the tired twilight.

Dhaka- 22.09.2006

বৃষ্টি

বৃষ্টি এল ...প্রতীক্ষিত বৃষ্টি ! -পদ্মা মেঘনার
দুপাশে আবাদী গ্রামে, বৃষ্টি এল পুবের হাওয়ায়,
বিদগ্ধ আকাশ, মাঠ ঢেকে গেল কাজল ছায়ায়;
বিদ্যুৎ -রূপসী পরী মেঘে মেঘে হয়েছে সওয়ার ।
দিকদিগন্তে র পথে অপরূপ আভা দেখে তার
বর্ষণ-মুখর দিনে অরণ্যের কেয়া শিহরায়,
রৌদ্র-দগ্ধ ধানক্ষেত আজ তার স্পর্শ পেতে চায়,
নদীর ফাটলে বন্যা আনে পূর্ণ প্রাণের জোয়ার ।

র গ্না বৃদ্ধ ভিখারীর রগ-ওঠা হাতের মতন
র ক্ষ মাঠ অসমান শোনে সেই বর্ষণের সুর,
তৃষিত বনের সাথে জেগে ওঠে তৃষাতপ্ত মন,
পাড়ি দিয়ে যেতে চায় বহু পথ, প্রান্তর বন্ধুর,
যেখানে বিস্মৃত দিন পড়ে আছে নিঃসঙ্গ নির্জন
সেখানে বর্ষার মেঘ জাগে আজ বিষণ্ণ মেদুর ।।
(মুহূর্তের কবিতা)

THE RAIN

The long-awaited rain has come with the easterly wind!
Rain has come on arable villages beside the Meghna and the Padma
The scorched sky and fields are now covered with black shadows;
That lovely fairy, lightning, rides from cloud to cloud.
On this rainy day the screwpine is thrilled to see
Lightning's wonderful glare on the horizon,
The sunburnt paddy fields pine for the rainy touch,
And flood through river-cracks brings tide for life.

The scorched rough fields like the scaly hands
Of an old ailing beggar hear the melody of rainfall;
The thirsty mind wakes up along with the parched forest,
Wants to traverse many roads and rugged plains
Where the forgotten days are left behind in seclusion,
The rainy season's clouds halt there with a heavy heart.

Dhaka- 23.09.2006

ক্লান্দি

আমার হৃদয় ঝুঁক, বোবা হ'য়ে আছে বেদনায়,
যেমন পদ্মের কুঁড়ি নির জ্বর থাকে হিম রাতে,
যেমন নিঃসঙ্গ পাখি একা আর ফেরে না বাসাতে;
তেমনি আমার মন মুক্তি আর খোঁজে না কথায়।
যখন সকল সুর খেমে যায়, তারা-রা হারায়,
নিভে যায় অনুভূতি- আঘাতে, কঠিন প্রতিঘাতে,
নিষ্পন্দ নিঃসাড় হয়ে থাকে পাখি, পায় না পাখাতে
সমুদ্রপারের বাড়ি ক্ষিপ্ৰগতি নিশাত্ত হাওয়ায়।

মুখ গুঁজে পড়ে আছে সে পাখির মত এ হৃদয়
রক্তক্ষরা। ভারগ্রস্ত এ জীবন আজ ফিরে চায়
প্রাণের মূর্ছনা আর নবতর সৃষ্টির বিস্ময়,
উদ্দাম অবাধ গতি, বজ্রবেগ প্রমুক্ত হাওয়ায়;
অথচ এখানে এই মৃত্যু-স্তব্ধ রাত্রির ছায়ায়
র দ্বি আবেষ্টনে আজ লুপ্ত হয় সকল সঞ্চয়।।

(মুহূর্তের কবিতা)

DEJECTION

My heart is stupefied : mute with pain
Like the lotus-bud mum in the chilly night,
Like the lonely bird no more returning to its nest alone;
Likewise my mind no more seeks freedom in speech.
When all the music stops, stars get lost,
Feelings evaporate – blows, severe counter-blows
Make the bird motionless, the coastal storm
Does not give speed to its wings in morning breeze.

This bleeding heart now lies sullen like that bird,
This burdened life now wants to get back
That life-force and wonders of new creation,
Unhindered motion, thunder-speed in free atmosphere;
Whereas all achievements are lost here
In this death-like shadow of night in confined environment

Dhaka- 23.09.2006

পরিচিতি

যখন দু'খানা ট্রেন মুখোমুখি হ'তে না হ'তেই
নিমেষে বিদ্যুৎ বেগে ছুটে যায় যে যার নিজের
পথে, –তখনি তোমকে মনে পড়ে, মনে পড়ে ফের
অনেক অস্পষ্ট ছায়া মুখচ্ছবি– তবু রেখা নেই ।
সমান্ত রাল রেলে পাশাপাশি সে এক মাঠেই
কখন হল যে দেখা (যে হিসাব সন তারিখের
কি লাভ সে দিনটাকে টেনে এনে) তবু সময়ের
জের টেনে চলি, যাকে ভোলা যেতো অতি সহজেই ।

আবার কখনো যদি দেখা হয়, কিংবা ফিরে আসি
(আবার কখনো যদি দেখা হয়ে যায়, পাশাপাশি)
সমস্ত অস্পষ্ট মুখ জাগবে কি মনের শার্শিতে,
এতকাল জেগে আছে গোধূলির অস্পষ্ট আর্শিতে
যে সব কথার দীপ্তি, ভুলে যাওয়া আনন্দের রাশি
উঠবে কি জেগে তা'রা এক দিন যেমন চকিতে
সমান্ত রাল পথে উঠেছিল ফুটে পাশাপাশি ।।

(মুহূর্তের কবিতা)

ACQUAINTANCE

When for a moment two trains meet face to face
 And then run to their own destinations,
 You flash in my mind in hazy images
 And shapeless faces flicker back to my mind.
 What gain now to remember our meeting together
 On those parallel rails in that very field,
 (What use to drag on bygone time and date?)
 Yet I hold on that time (I could easily forget).

If we ever meet again face to face
 Will those hazy faces flash in our mind,
 Will those words get eloquence in parting twilight
 And all those forgotten joys suddenly revive
 Like the days when in the distant past
 They blossomed in the parallel rail lines.

Dhaka- 21.09.2006

ময়নামতীর মাঠে / তিন

অত্মাণে হিমের রাতে অনেকেই দেখেছে আবার
 কাকজোছনার সাদা কাফনে শরীর ঢেকে রেখে
 শান্ত সেই মুসাফির এসেছে সুদূর দেশ থেকে;
 আমন ধানের মাঠে এনেছে লুকিয়ে গুলনার ।
 রাতের দু'চোখে ঝরে শবনাম অশ্রু কণা তার,
 পাশ দিয়ে বয়ে যায় মধুমতী নদী ঐক্যবৈক্যে
 ব'য়ে যায় বহু দূরে, যায় না স্মৃতির চিহ্ন রেখে;
 যে পথ এসেছে ফেলে তাকায় না সেই পথে আর ।

তবুও সে তাকিয়ে থাকে প্রতীক্ষায় করে যে নির্ভর
 (তবু সে তাকিয়ে থাকে, যে একা নিভতে জাগে, আর)
 আমন ধানের শীষে জাগে যার স্বপ্ন ও প্রত্যাশা
 যে চায় অশ্রু র বুক জীবনের অর্থময় ভাষা,
 মৃত্যুর তুহিন স্পর্শে খোঁজে মুক্ত প্রাণের খবর,
 (মৃত্যুর তুহিন স্পর্শে যে খোঁজে প্রাণের মুক্ত দ্বার)
 দু'চোখে জড়ায় তার অত্মাণের হিমেল কুয়াশা,
 ময়নামতীর মাঠে মেলে না তো প্রশ্নের উত্তর ।।
 (ময়নামতীর মাঠে মেলে না উত্তর জিঞ্জাসার ।।)
 (মুহূর্তের কবিতা)

IN THE MEADOW OF MAINAMOTI : 3

Many people saw that tired traveller who came
From a far-off land in the faint moon-light
Wearing a coffin-cloak in the chilly autumn night,
Who brought secretly pomegranate flowers in Amon rice fields.
His misty tears drop through the night's eyes,
The Madhumoti river winding by its side
Flows far-off leaving no sign behind
And no more looks back on the track left behind.

Yet it looks on those who wait in expectation,
Whose dream and desire rest on Amon paddy's ears
Who look for life's meaningful exposition in the tears,
Who search for life's freedom in touch of chilly death,
Who wrap their eyes up with the cold autumn mist;
The meadow of Mainamoti is mute to these questions.

Dhaka- 04.10.2006

নাসিড়কের প্রার্থনা

[একজন নাসিড়কের স্বীকারোক্তি]

যখন শুনেছি আমি মৃত্যু আছে সূর্যেরও, অল্লান,
অগণন জ্যোতিষ্কের ভাগ্যলিপি মৃত্যু দিয়ে ঘেরা,
তখনি হ'য়েছে মনে এ আকাশ রহস্যের ডেরা;
তখনি হ'য়েছে মনে এ জীবন ক্ষণিকের গান ।
সংজ্ঞা খুঁজে সময়ের দাঁড়িয়েছে শংকাহত প্রাণ;
ভেবেছি অচিঁত্য় দূর কক্ষে যারা করে ঘোরাফেরা
প্রাণের স্কুলিঙ্গ নিয়ে সংখ্যাহীন জোনাকি মেয়েরা;
কালের অরণ্যে হবে সহজে তাদের অস্ত্র ধান ।

আশ্চর্য রহস্যময় এ পথ-নির্দেশ

(ভেবেছি এ কথা যত হয়েছি ততই অন্যমনা),
জীবনের মতো সত্য মৃত্যু আর তমিস্রার দেশ
সব সংশয়ের মুখে গেছে তুলে আশ্চর্য মূর্ছনা
অজানা ভয়ের; স্তব্ধ সঙ্গীতের । আর নির দেশ
উর্ধ্ব শূন্যে গেছে মিশে নাসিড়কের নীরব প্রার্থনা ।।

(মুহূর্তের কবিতা)

AN ATHEIST'S PRAYER : HIS CONFESSION

When I heard that even the sun has death,
And numerous celestial spheres' fate lies in death,
That very moment I realized this sky is full of mystery;
That very moment I thought this life a moment's song.
The alarmed mind stood still searching for time's definition;
I thought over those who rotate on their remote orbits,
Those numberless fire-flies moving with sparks of life
How easily will disappear in the forest of time.

This strange mysterious signal of time
(The more I thought over this the more vacant was my mind,)
The dark domain of death is real like life
And has raised unknown fear at the face of all doubts,
The cadence of silent music and then fled away
Towards the deep void above the silent prayer of the atheist.

Dhaka- 26.09.2006

কবির প্রতি

বজ্র বিদ্যুতের বাসা যে আকাশ, তুমি সে আকাশে
সহজে নিয়েছ তুলি পাদপিষ্ট ধূলিকণিকারে,
তারার ঔজ্জ্বল্যে দীপ্ত মহিমায় সাজিয়েছ তারে
যে সত্তা অপরায়ে তাকে মূর্ত ক'রেছ বিশ্বাসে ।
সংকট সংঘাত দ্বন্দ্ব শর্বরীর ঘনতম ত্রাসে
তোমার উদ্দীপ্ত বাণী ফিরিয়া এসেছে বারেবারে
যেমন প্রভাসূর্য ফিরে আসে ঘন অন্ধকারে
যেমন পবিত্র আত্মা জিব্রাইল একা নেমে আসে ।

অন্তরীক্ষ আকাশের ঘন নীল শামীয়ানা ছিঁড়ে
পাখার আঘাতে তার দুই পাশে তারকা ছিটায়
নেমে আসে, নেমে আসে হৃদয়ের ক্লান্ত হিমচ্ছায়ে;
অপূর্ব আনন্দ বার্তা নিয়ে তার সঙ্গীতের মীড়ে
মৃত্যু সমাকীর্ণ পথে জীবনের আনন্দ বিছায়ে
(অগণ্য বিহঙ্গশিশু যে সঙ্গীতে জেগে ওঠে নীড়ে) ।।

(মুহূর্তের কবিতা)

TO THE POET

You have raised the trampled dust
To the sky, the abode of the thunder,
You decorated it with the lustre of luminous stars,
You have embodied faith in the indomitable soul.

Your inspiring message returned time and again
In crisis strife struggle, in nightly terror,
Like the morning sun returning in deep darkness,
Like the holy Gabriel coming down alone,

Tearing apart the thick blue canopy of the endless sky
His wings scattering stars on both sides,
He comes down; down to the tired heart's cool recess
With new happy tidings in his musical cadence.

On his way strewn with death he spreads out life's pleasures
In songs that wake up countless young ones in their nests.

Dhaka- 23.09.2006

তোমাকে জাগাবো

তোমাকে জাগাবো ব'লে দ্বারপ্রান্তে আসি যতবার
ততবার ফিরে যাই (সম্পূর্ণ নিঃসাড়, অচেতন
সুপ্তির মাদক স্পর্শে শাহজাদী ঘুমাও যখন
মেলে না প্রাণের সাড়া; পাই না তো বহিঁ চেতনার) ।

রূপার কাঠির স্পর্শে এ কি ঘুম দু'চোখে তোমার !
কোন যাদুকর এসে পাড়ায়েছে এ ঘুম কখন ?
পারে না খুলিতে কেউ এ ঘুমের জটিল বাঁধন
ফিরে যায় শাহজাদা সফরের পথে বেকারার ।

বন্দিনী, দৈত্যের হাতে তুমি আজ পৃথিবীর মত
পড়ে আছে নিঃসহায় (জিন্দেগানি মৃত্যুর সমান,
জাগে না তোমার কণ্ঠে ভারমুক্ত জীবনের গান),
দুর্বহ যাদুর বোঝা ক'রেছে তোমাকে অবনত !
ভুলের পথকিল পথে হারিয়েছো সে প্রাণ অম্লান ।
(আত্মার মরণে আজ দুরারোগ্য বিষাক্ত এ ক্ষত) ।।

(মুহূর্তের কবিতা)

I SHALL WAKE YOU UP

Every time I come to your door to wake you up
I go back disheartened (O my Princess, you lie
Unconscious in deep intoxicating slumber;
No sign of life; no flare of consciousness).

What a sleep you enjoy in touch of silver wand!
What enchanter lulled you to this slumber and when?
None can unbind this intricate snare of sleep;
So the prince continues his hapless journey onward.

O captive lady, you lie in demon's hands
Helpless like the earth (life is but death to you,
You can't sing the song of a carefree life),
The magic-spell hangs heavy on you
You lost your cheerful life on the slippery road to blunder
(The death of your soul hastens this poisonous cancer).

Dhaka- 22.09.2006

কাঁচড়া পাড়ায় রাত্রি

কাঁচড়া পাড়ায় রাত্রি । ডিপোতলে এঞ্জিন বিকল-
সুদীর্ঘ বিশ্রান্ত শ্বাস ফেলে জাগে ফাটা বয়লার,
-অবর দ্ব গতিবেগ । তারপর আসে মিস্ত্রিদল
গলানো ইম্পাত আনে, দৃঢ় অস্ত্র হানে বার বার ।

জ্বলন্ত অগ্নির তাপে এই সব যন্ত্র জানোয়ার
দিন রাত্রি ঘোরে ফেরে সুদুর্গম দেশে, সমতলে
সমান্ত রাল, রেলো রেলো, সেতুপথ পার হয়ে আর
অভীষ্ট লক্ষ্যের পানে দার্জিলিংয়ে আসামে জঙ্গলে ।

আহত সন্ধ্যায় তারা অবশেষে কাঁচড়া পাড়াতে ।
দূরে নাগরিক আশা জ্বলে বাল্বে লাল-নীল-পীত,
উজ্জীবিত কামনার অগ্নি মোহ-অশান্ত ক্ষুধাতে;
কাঁচড়া পাড়ার কলে মিস্ত্রিদের নারীর সঙ্গীত ।

(হাতুড়িও লক্ষ্যভ্রষ্ট) মন চাঁদ কৃষ্ণপক্ষ রাতে
কাঁচড়া পাড়ায় জাগে নারী আর স্বপ্নের ইঙ্গিত ।।

(হে বন্য স্বপ্নেরা)

NIGHT AT KANCHRA PARA

Night at Kanchra Para. The broken rail-engines are in the depot now.
The cracked boilers puff out long sighs in their rest—
Their movement obstructed. The mechanics then come
And bring molten steel and hammer again and again.
These mechanical devils with the heat of fiery steam
Roam day and night in flatland and difficult terrain
On equi-distant rail-lines, cross bridges
And run for destinations in Darjeeling and Assam.

Now wounded they are this evening at Kanchra Para.
Away at a distance civic hopes flicker in red, yellow and blue;
Indomitable lust's hunger due to fiery obsession;
Mechanics' womenfolk sing near the depot.

Hammers also lose their aim, pale moon in this dark night,
Kanchra Para is vibrant with women's gesture and dream.

Dhaka- 07.10.2006

রাত্রির ঘটনা

এক রাতে ডালিমের ডালে স্নিগ্ধ উজ্জ্বল শিশির-
বিন্দু বলেছিল তার গুলনার সেহেলির কাছে,
“আর এক রাত্রি যদি পাই আমি পথে জিন্দেগীর
শেষ করে যাব তবে জীবনের যত স্বপ্ন আছে।
“সবুজ পাতায় জমে সন্ধ্যায়, দিনের খরোত্তাপে
যে প্রাণে শুকায়ে যাবে, কতটুকু তার অবসর?
এক রাত্রি আর ভোর, —এই সময়ের পরিমাপে
মনের মতন করে সাজাতে কে পারে তার ঘর?”

শিশিরের কথা শুনে গুলনার বলিল তখন,
“আমারো জীবনে আছে বহুগান বহু স্বপ্ন সাধ,
মুশতারী তারার মত হয় যদি সুদীর্ঘ জীবন
তাহলে থাকেনা আর অতৃপ্ত আশার ফরিয়াদ।”

সাত্ত্বনার কোন সুর পেলনা সে কথার শিশির।
কান্নায় উঠিল দুলে হতাশ্বাস জীবনের তীর ॥

(মুহূর্তের কবিতা)

One Night's Affair

A lovely bright dew-drops on pomegranate -branch
One night told her confidante-its flower,
'If I get one more night's lease of life
Then I shall be able to fulfill all my desires
What respite has the life on the green life
That accumulates at dusk and evaporates with the day's heat?
One night and the morning – within this short time
Who can decorate the house to her heart's content?

The Pomegranate- flower listened to her and than replied,
'I also have much longing for pleasures and music;
If life exists, like planet Jupiter, for a long time;
Then there remains no discontent for unfulfilled hope.'''

The dew-drop could not find any solace in these words;
and her dejected self began to shake in tears.

Manchester
26-08-20089

সে নামে ডেকেছি আমি

সে নামে ডেকেছি আমি যে নামে ডাকেনি কেউ তা'কে,
সে মন দেখেছি আমি যে মন দেখেনি কেউ আর ঃ
শরৎ রাত্রির মত যে মন মেলেছে লঘুভার
স্বপ্ন-সুরভিত পাখা স্নান করি' ধূসর সন্ধ্যাকে ।
অজস্র সংঘাতক্লিষ্ট জীবনের ক্লান্তি দীর্ঘ বাঁকে
যে মনের দীপ্ত সাড়া পেয়েছি অজ্ঞাতে বহুবার
-প্রেমের ক্ষণিক দ্যুতি সে উজ্জ্বল বিস্ময় আমার
মুচেছে ক্লান্তি র মেঘ- পুঞ্জীভূত মৃত্যু-তমিস্রাকে ।

হাজার ঝড়ের দেশ পার হ'য়ে করিনি সংশয়,
সে দীপ্ত মুহূর্ত মোর অকলংক মাধুর্য স্বপ্নের
মনের নিভৃত কোষে রেখে গেছে অশেষ সঞ্চয়
সুসম্পূর্ণ আকাশের প্রতিভাস রক্ষে শিশিরের;
যে আকাশে তারা জ্বলে যে আকাশে নাই মৃত্যু ভয়
শরৎ রাত্রির মত যে আকাশ অমেয় প্রেমের ।।

(ফররুখ আহমদের শ্রেষ্ঠ কবিতা)

I CALLED HER IN THAT NAME

I called her by that name which nobody uttered,
I know her that mind which nobody could know:
That mind blossomed like a flower in autumn night
And ignored the gloomy evening with dreamy fragrance.
In this life's manifold strife-torn dreary turn
Many a time I received unknowingly that mind's blissful response—
That wonder of the momentary lustre of love
Removing all the gloomy clouds from my mind.

I had no hesitation to cross many stormy lands;
That glorious moment is my dream of pristine beauty
And it left behind endless wealth in my heart—
As if the entire sky mirrored in a dew-drop;
That sky where stars twinkle, the sky with no fear of death,
The sky which is the abode of eternal love like these autumn nights.

Dhaka- 05.10.2006

দোলার বাহিরে থেকে

দোলার বাহিরে থেকে অবিরাম দিয়ে যাও দোল,
দুই সুরে ক্রমাগত দোলনার ওঠা নামা;
এক সুরে ঘুম ভাঙে অন্য সুরে সুসুপ্তি বিভোল । ।

দোলার বাহিরে থেকে অবিরাম দিয়ে যাও দোল,
এক সুরে মোহমুগ্ধ আনন্দ মেলিছে রক্তদল,
অন্য সুরে ক্লিষ্ট অশ্রু , স্বেদসিক্ত ব্যথিত কপোল । ।

দোলার বাহিরে থেকে অবিরাম দিয়ে যাও দোল,
এক সুরে তপ্ত শ্বাস শস্যহীন মরু ভূধূসর,
অন্য সুরে ভরে ওঠে শ্যামায়িত বসুধার কোল । ।

দোলার বাহিরে থেকে অবিরাম দিয়ে যাও দোল,
দুই সুরে ক্রমাগত দোলনার চলে ওঠানামা;
দোলনার শিশু শোনে অকৃত্রিম সুরের কল্লোল । ।

(ফররুখ আহমদের শ্রেষ্ঠ কবিতা)

FROM OUTSIDE OF THE CRADLE

You swing the cradle from outside without rest,
It swings up and down with two refrains;
One brings deep sleep, other breaks the slumber.

You swing the cradle from outside without rest,
One refrain brings up charming pleasure; and
Sorrowful tears and sweating forehead with the other.

You swing the cradle from outside without rest,
One refrain brings up hot sighs and barren desert;
The other fills the earth with verdant splendour.

You swing the cradle from outside without rest,
It swings up and down with two refrains;
The child swims in endless waves of music in the cradle.

Dhaka- 07.10.2006

‘দিলরুবা’

[পঞ্চম স্কন্ধক ১ নং কবিতা]

এক.

রাত্রির অরণ্যতলে হে বিচিত্রা! দ্বার খুলে দাও,
মুখর দৃষ্টিতে তব, গ্রীবাভঙ্গে রহস্য অশেষ!
অজ্ঞাত জগতে মোর আবিষ্কৃত হয়নি যে দেশ
সুকঠিন রহস্যের বক্ষবাস সেথা তুলে নাও ।
যদি কোন ভুল থাকে তবে আজ সব ভুলে যাও ।
যে অনাবিষ্কৃত লোকে রাখিয়াছো স্বপ্নের আবেশ,
দু’চোখে, চিবুকে, বক্ষে সৃজিয়া বিচিত্র পরিবেশ
গানের পাখীরা মোর বহু দিন সেখানে উধাও ।

যার অতৃপ্ত হীন যাত্রা থেমে গেছে তোমার দুয়ারে
আড়াল করিতে চাও যাকে তুমি বক্ষের সুষমা
অকারণ ঔদাসিন্যে স’রে যাও দূরে নিরুপমা;
অপরিচয়ের তীরে-সেথা মিশে যেওনা আঁধারে ।
রাখিতে পারোনি ঢেকে যে সুষমা রেখেছিলে জমা;
তোমার অজ্ঞাতে দেখ ঘিরিয়া সে রেখেছে আমারে ॥

From 'Dilruba' (Sweet heart)- 5th Canto-1

1. O Lovely One

O lovely One! Open your door at this hour of night
Your glance is eloquent, your neck's gesture mysterious,
The unknown domain that I could not discover yet
You keep that secret in a tight confusing brassiere
If there is any mistake forget it tonight.
The undiscovered region where you kept the dreamy obsession
Creates some mystic gestures in your eyes, chin and breast'
My humming birds flew away for that domain long ago.

And that endless journey has now stopped at your door;
You want to conceal your bosom's beauty from that man;
O my beauty! Why you keep aloof with unreasonable
callousness!

You should not retreat in this dark strangeness.
See, you could not hide the beauty you stored so long;
It has kept me enamoured beyond your knowledge.

Manchester. CT. USA
24-08-2008

[পঞ্চম স্কন্ধক ২ নং কবিতা]

দুই.

যখনি দেখেছি তব গ্রীবাভঙ্গে পদ্ম-প্রভ মুখ
অসম্মতি জানায়েছে দুলিয়া কোমল বৃষ্ 'পরে
তখনি মনের আলো প'ড়েছে ফাটিয়া ত্তরেত্তরে,
পারেনি ঢাকিতে কিছু ও হৃদয় একাগ্র উন্মুখ ।
তিক্ত ঔদাসিন্য ভেবে যতবার হ'য়েছে বিমুখ
মোর অনাদৃত প্রেম মুহ্যমান রিক্ত হতাশায়
ততবার তুলিয়াছো (রাত্রির বিশ্রান্ত তমসায়)
অশেষ ইঙ্গিতে ঘেরা অপরূপ তোমার চিবুক ।

নির দ্ব স্বপ্নের পদ্ম! তোমাকে ঘিরিয়া অবিশ্রাম
আমার মৌমাছি ফেরে নিয়ে তার তৃষ্ণার বর্তিকা,
অপরিচয়ের দূর অস্ত্র রালে থাকি প্রহেলিকা
মৃগতৃষ্ণিকার মত পিপাসা বাড়াও শুধু তার ।
দেখেছি অসংখ্য বার, দেখা তবু হয়নি আমার;
সম্মোহিত করি মোরে রেখেছে তোমার প্রিয় নাম ॥

From 'Dilruba' (Sweet heart)- 5th Canto-2

2. When I saw you

When I saw your lotus-like stately face
Waving into refusal through movement to and fro,
That very Moment my mind's luster spread all around,
This eager mind could not conceal anything.
Whenever you become averse to me thinking of sad negligence,
My slighted love was dejected in bitter frustration;
Every time you raised your wonderful face, it gave
Endless indications in the nightly darkness.

O the lotus of my confined dream! my minds bee
Encircles you restless with a thirsty lust;
You remain my sterions under the guise of unfamiliarity
And enhance my thirst like a mirage.
I have seen you many a time but have not seen you yet;
its your dearest name that has kept me enamoured.

Manchester, CT, USA
24-08-2008

[পঞ্চম স্কন্ধক ৩ নং কবিতা]

তিন.

যে স্বপ্নে ঘুমায়ে পড়ি সেই স্বপ্ন দেখে উঠি জেগে;
যে স্বপ্ন হতাশা আনে সে দেয় আশ্বাস স্বপ্নালোকে
বাঁধা প'ড়ে আছি আমি সে স্বপ্নের সর্পিল আবেগে;
খুঁজে পাই সরণি সে ক্ষণ-দীপ্ত স্বপ্নের বলকে ।

অন্ত হীণ অন্ধকারে যদিও সে ক্ষুদ্র খদ্যোতিকা
বার বার নিভে যায়, তবু জানি ক্লিষ্ট তমিস্রায়
একমাত্র সত্য হ'য়ে সেই প্রেম-পথের বর্তিকা
জ্বলিতেছে জীবনের দিগন্ত রে তিমির প্রচ্ছায় ।

অনির্বাণ সেই শিখা! প্রতি শিরা, স্নায়ু ধমনীতে
অনুভব করি আমি সে আলোর বিচিত্র প্রকাশ,
কবোষণ উত্তাপ তার হৃদয়ের নির দ্ব সংগীতে
রাত্রির বিস্ময়ে আনে স্বপ্ন-সৃজনের অবকাশ ।
আকাশের সব তারা নিভে যেতো, ম'রে যেতো নদী
ক্ষুদ্র মোর খদ্যোতিকা শিখা হ'য়ে না জ্বলিত যদি ॥

From 'Dilruba' (Sweet heart)- 5th Canto-3

3. That Eternal Flame

I wake up with the same dream that made me asleep;
A dream that brings despair and assurance as well,
I am tied to that dream's complex emotions
And find out my way through its momentary flash.

Though it's a small glow-worm in that endless darkness
And goes out often, yet I know that love, my beacon-light,
Is the only reality in this afflicting darkness?
Every –burning in my life's distant dark horizon.

That eternal flame! I feel in my whole being
That light's manifold manifestations;
Its soft warmth creates in the heart's music
A dream-world full of nightly wonder.
All the river would have died, all heavenly glow-worms
collapsed
If likewise they have not emitted light,

Manchester,
25-08-2008

[পঞ্চম স্কন্ধক ৪ নং কবিতা]

চার.

যে দৃষ্টি-সংকেত মোর স্বপ্নে জাগালো এত কাল
নিমিষে চিনিবে যদি দেখ সেই আঁখি আরণ্যক,
চঞ্চল বন্য সে চোখ, কখনো বা স্থির নিস্পলক;
নিমিষে ছিঁড়িতে পারে মনের কৃত্রিম উর্গাজাল।
উগ্র শালীনতা দীপ্ত যে কন্যার ঐশ্বর্য বিশাল
আশ্চর্য বিস্ময়ে দেখি চোখ তার বিশ্বাসঘাতক;
আদিম স্বভাব নিয়ে প্রতিক্ষণে হানে সে শায়ক
বাঁকা ঋধনুর নীচে রশ্মি তার আনন্দ উত্তাল।

সে দৃষ্টি দেখনি তুমি, দেখিয়াছো দৃঢ় শালীনতা,
দেখেছো রাণীর মত সে কন্যার শাসন ভঙ্গিমা,
সর্ব অবয়ব ঘিরে শর্বরীর স্থির নীরবতা
(দেখনি গোপন দ্যুতি)। পার হ'লে দৃঢ়তার সীমা
দেখিবে সাজানো আছে পুঞ্জীভূত তারকার কথা
দু'চোখে; চিবুকে তার আরক্তিম উষার রঙ্গিমা।

From 'Dilruba' (Sweet heart)- 5th Canto-4

4. Those Wild Eyes

You can in a moment recognize those wild eyes
Whose signals created my dreams so long;
Restless and wild they are, sometimes blinkless and still;
They can tear off the mind's cob-web in a moment.
That damsel with strong modesty has enormous treasures
In amazing wonder I find her eyes treacherous.
Every moment she darts arrows from her primitive look;
Her pleasures play wild in her beaming eyes.

You have not seen those glances; you only saw her strong
modesty;
You only saw her cute chastising attitude as of a queen.
The night's perfect stillness pervades through out her body;
You did not see the hidden luster; with strong determination
If you cross the limit, you would find her eyes adorned
With crowding starry words and crimson morn on her chin.

Manchester
25-08-2008

[পঞ্চম স্কন্ধক ৫ নং কবিতা]

পাঁচ.

শুনিতে চেয়েছি আমি- তোমার ক্ষণিক অদর্শন
এ মনের অধিরাজ্যে এনেছে কী অজ্ঞ হীন কাল
সুকঠিন প্রতীক্ষার! -উত্তর দিয়াছে দু'নয়ন
তব পথ-প্রান্তে জাগি' শ্রান্তি হীন প্রদোষ সকাল ।

শুনিতে চেয়েছি আমি-অরণ্যের সকল ভাষণ
মেটাতে কি পারিয়াছে তব কঠ-ধ্বনির পিপাসা
অনির্বাণ মোহময়!-বলিয়াছে আমার শ্রবণ
উৎকর্ণ তোমার স্বরে আজো মোর মেটে নাই আশা ।

শুনিতে চেয়েছি আমি -পল্লবিত পদ্মের মধুর
পাপড়ি কি দিতে পারে তনুস্পর্শ নিত্য কমলীয়
তোমার স্পর্শের চেয়ে! - বলিয়াছে বক্ষ লোভাতুর
অতৃপ্ত জীবনে আর কোন স্পর্শ নহে স্মরণীয় ।

শুনিতে চেয়েছি আমি সব চেয়ে কাম্য কোন ক্ষণ
উত্তর দেয়নি আর, তব সঙ্গ-লিপ্সু মোর মন ॥

From 'Dilruba' (Sweet heart)- 5th Canto-5

5.

I liked To Know

I liked to hear: why her momentary disappearance
Had in my Mind's domain a sense of hard waiting,
As if for eternity. She replied, night and day
Her eyes kept tireless watch on my movements

I liked to hear: whether the forests' sound
Could satiate her thirst for human voice.
Ever-bewitching she told me that
She was all ears for my voice and still not satisfied.

I liked to hear: whether the blooming lotus-petals
Were softer than her body's ever-tender touch?
She replied that her greedy bosom was still unappeased;
And no other touch was worthy to remember.
I liked to hear; what moments was most desirable
She did not reply and my heart was eager for her touch

Manchester
26-08-2008

[পঞ্চম স্কন্ধক ৬ নং কবিতা]

ছয়.

দিওনা নতুন তথ্য, বলিওনা তত্ত্বকথা কোন
(পণ্ডিত জনের মুখে তত্ত্বকথা শুনিয়াছি ঢের
পাইনি প্রশান্তি আমি, পাই নাই সন্তোষনা কখনো
তৃষ্ণার সঞ্চয় তা'তে মেলেনি অতৃপ্ত হৃদয়ের)
তার চেয়ে কাছে এসো, আরো কাছে, একাগ্র উন্মুখ
উত্তপ্ত উষ্ণর এক প্রাণহীন জীবনের তীরে,
আমার কঠিন বক্ষে রাখি স্বপ্ন-সুরভিত বুক
সুরের মুহূর্ত মোর সুষমায় দাও তুমি ঘিরে ।

আকাশের রহস্য বা সামুদ্রিক ঐশ্বর্যের কথা
নতুন নহেতো আর (পৃথিবী হ'য়েছে পুরাতন);
তোমার না-বলা কথা, চাঞ্চল্য অথবা নীরবতা
অজ্ঞাত রহস্যে ঘেরা চিরদিন রহিবে নূতন ।
কথা বলিওনা কোন, রাখো বক্ষ এ বুক আমার
স্পর্শে, গন্ধে, বর্ণে মিশে দুই সত্তা হোক একাকার ।।

From 'Dilruba' (Sweet heart)- 5th Canto-6

6.

Please don't give new information or talk of spirituality,
I have heard much about it from erudites
But found no peace or solace therefrom,
The unappeased heart could not quench its thirst.
Rather you come near to me, still near
To this wistful eager hot sultry self
And keep your dreamlike fragrant bosom on me
To fill my moments of music with new splendour.

The wonders of the sky or the treasures of the seas
Are no more new and this earth is quite old;
Your untold words, silence or restlessness
Are full of unknown mysteries to remain ever-new,
Not a word, keep your bosom on me
Let two souls unite in fragrance and splendour.

Dhaka- 28.09.2006

ব্যক্তিগত

হিতৈষী মহল থেকে বহুবার শোনা গিয়েছিল
আমার সম্মুখে নাকি বিরল সৌভাগ্য-সম্ভাবনা
অর্থাৎ অর্জিত পাপে,
মোটা নোকরি,
টাকা,
পার্ক সার্কাসের বাড়ী;
ধনী কন্যা প্রমোদ-সঙ্গিনী ।

কিন্তু সময়ের চক্রে অকালে যখন
নিভলো তাঁদের আশা তখন আমার ভীমরতি
(অকালে, কুস্মাণ্ড- দলে ভাগাবন্ড-)! আমি
আদর্শের ফালি নিয়ে ফিরি ফুটপাতে ।
পার্ক সার্কাসের সাথে মেলাতে বাধে না
হাভিয়ার কোন পলী;
পুঁজিবাদী পুঁজ
যেহেতু জমানো দেখি উক্ত ডাস্টবিনে
(যদিও সজ্জিত আহা বিচিত্র ভূষায়)!
দুর্মর তাকিদ আসে
পার্শ্ববর্তী বক্ত থেকে তবু;
'ইতরের' মধ্যে আমি
খুঁজে ফিরি সত্তা মানুষের
ক্ষুধিত প্রাণীর স্বাসে
মেশায়ে নিজের দীর্ঘশ্বাস
আদর্শের পস্থা কতো দুরারোহ বুঝি প্রতি পা'য়!

The English Translation of Some
Selected Poems of Farrukh Ahmad
By Abdur Rashid Khan

PERSONAL EXPLANATION

Many a time my well-wishers opined that
I have a very bright future before me—
That is, through sinful earning,
Big post, money,
House in Park Circus;
Purse-proud daughter as pleasure companion.

But when hope belied them at a premature time, they said :
It's senility that made me good for nothing,
A vagabond!
I peddle pieces of idealism on the foot-path.
I don't hesitate to compare Park Circus
With a quarter of the hell;
Because I see the pus of capitalism
Accumulated in dust-bins there
(Although dressed up in varieties of finery)!
Nevertheless irresistible urges come
From the nearby slum;
I search for the excellence in man
Among the lowly, the so-called 'mean';
I combine my sighs with those of the hungry animals
And understand at every step
How difficult the road to idealism is.

দিনরাত্রি চেয়ে দেখি বিপক্ষে আমার
অগণন ফেরাউন-কার গের ব্যুহ,
দেখি চেয়ে শড়কের
প্রতি প্রাক্তে অসহায় বনি-ইস্রাইল
তেমনি সন্ধান করে মুসা কালীমের,
সারা পথ কেঁপে ওঠে বন্দী বেদনা...
মজলুমের লোহুধারে ভেসে যায়
পৃথিবী তেমনি...
সংগ্রাম-বিধবস্ত মন ভুলে যেয়ে সংঘাতের গম্বনি
জেগে ওঠে দিকে দিকে সর্বগ্রাসী আসন্ন জেহাদে,
মুসা কালীমের খোঁজে সেনানী যে নিষ্ঠীক সত্যের ।।
(হে বন্য স্বপ্নেরা)

I find innumerable Fera-un and karun
 Array against me night and day;
 I see helpless Boni Israills
 At every corner of the street—
 The same way search for Musa Kalimullah,
 Entire street is shaking with pent up sighs,
 The blood of the oppressed flows thereby.

This earth is all the same...
 The strife-torn mind forgets struggle's disgrace
 And rises everywhere for imminent all-engrossing zehad
 Fearless soldiers for truth in search of Musa Kalimullah.

Dhaka- 03.10.2006

মন

মন মোর আসন্ন সন্ধ্যার তিমি মাছ—
 ডুব দিল রাত্রির সাগরে!
 তবু শুনি দূর হ'তে ভেসে আসে—যে আওয়াজ
 অবর দ্ব খাকের সিনায়!
 সূর্য মুছিয়াছে বর্ণ গোধূলি মেঘের ক্লান্ত মিনারের গায়,
 গতি আজ নাইকো হাওয়ায়
 নিবিড় সুপ্তির আগে বোঝেনা সে শক্তি নাই তমিস্রা পাথারে ।
 তবু পরিশ্রান্ত শ্মশন স্নায়ুর বিবশ সঞ্চরণে
 আতপ্ত গতির স্বপ্ন জমা হয় মনে,
 বুঝি চৈত্র অবসন্ন আকাশে আকাশে ফেরে বাড়ের সংকেত
 বুঝি দুঃস্বপ্নের মতো ভিড় ক'রে আসে কোটি প্রেত,
 অমনি
 মনের দিগন্তে মোর চমকায় সহস্র অশনি!

শুনি আকাশের ধ্বনি :

তোমার দুর্ভাগ্য রাত্রি মুক্ত পূর্বাশার তীরে
 হ'য়েছে উজ্জ্বল,
 তোমার অরণ্যে আজ পুরাতন বনস্পতি
 ছাড়িয়াছে বিশীর্ণ বঙ্কল ।
 দিগন্ত-বহির মত হানা দিয়ে ফেরে সে ভাবনা,
 অবসন্ন জনতার মনে দোলে বৈশাখের
 বজ্র-দীপ্ত-মেঘ সম্ভাবনা!
 রাত্রির সমুদ্র ছাড়ি—মন
 প্রভাতের মুক্ত বিহঙ্গম ।

আকাশে উধাও ডানা, ছেড়ে যায় পুরাতন লুপ্ত মিনার,
 ছেড়ে যায় আকাশের বর্ণ বিভা, দিগন্ত কিনার,
 বন্দীর স্বপ্নের মত বাধমুক্ত মন,—মোর মন॥

(সিরাজাম মুনীরা)

THE MIND

My mind is like a whale in the approaching evening
That dives into the night's sea;
Yet I hear that far-off sound
Imprisoned in the breast of this body.
The sun has wiped out the tinge of evening cloud from

the tired minaret,

No movement in the air
Not realizing that no rest until deep sleep in this black night.
Yet the tired and dejected nerve's fatigued movement
Brings the dream of hectic speed,
Perhaps storm-signal is prevalent in tired April's sky,
Perhaps millions of evil spirits encircling like night mare,
Instantly
Thousands of thunders flash in the horizon of my mind.
I hear the call from the sky:
Your night of misfortune
Brightened on the free eastern horizon,
The old tree in your forest
Has now shed its worn-out bark.
That thought pervades my mind like wild fire,
April's likely thunder-cloud
Springs up in the dejected crowd's mind
The mind leaves the nights sea.
And becomes a free bird in the morning.

Away on its wings in the sky, leaves the old plundered minaret,
Leaves the sky's splendour of colour,
Leaves the border of the horizon,
Like the captive's dream-
A free mind,

It's my mind.

Dhaka- 04.10.2006

পটভূমি

সাড়ে আটটার ট্রেন উগারিয়া গেল তার আহাৰ্য রাতের :
উত্তপ্ত মস্তিষ্ক নিয়ে রাতজাগা মানুষের দল
পথের দু'ধার ঘেঁষে চলে যেন সরীসৃপ পাথর শীতল
আর চলে প্রাণহীন নাগরিক, নাগরিকাদের
উজ্জীবিত পাশবিকতার
নগ্নরূপ মৃত জনতার ।

বিকট শব্দের মেঘ বিছায়েছে নগরীর আকাশে ধূসর
রঙচটা বিবর্ণ চাদর
ট্র্যাফিকের আর্তনাদে, ট্রামে, বাসে পথের পাথর
শ্মন হ'য়ে যায় যেন,
এমন সময়
পাহাড়ী কিশোর কণ্ঠে শোনা গেল ছাতা-সারানোর
শ্যেন-তীব্র স্বর ।

মৃত অরণ্যের বুকে যেন কোন উদ্দাম, বলিষ্ঠ দাঁড়কাক
ডেকে গেল কর্কশ প্রবল শেষ ডাক ।
শব্দ ওঠে ছাতা-সারানোর
নির্জীব রাত্রির শ্মন-স্বপ্ন তন্দ্রাঘোর ।

ছুটে গেল সে আরণ্য বলিষ্ঠ শব্দের তাপে তালে তালে,
লাল দীঘি তীরে তীরে অচেনা ঝাউয়ের ডালে ডালে
রক্ত-রাঙা বিরাট মহালে
চাতালের 'পর
তীক্ষ্ণ বলমের মত ছুটে যেয়ে লাগে সেই ছাতা-সারানোর
তীর-তীব্র স্বর ।

ভেসে যায় চোখের পলকে
ফুটপাত, কারখানা, যন্ত্রপীড়া এই বন্ধ ঘর-
শুনি যেন জীবন্ত উচ্ছল
প্রাণবন্ত জীবনের পাখার খবর,
নিবিড় আঙুরবন, বরফ-জমানো চূড়া, সুদৃঢ় পাথর ।

THE BACKGROUND

The 8-30 AM train left ejecting its nightly contents:
 Sleepless people with hot head
 Walk on both sides of the road like cold reptiles;
 Also walk human forms as symptoms of cruel citizen's bestiality.
 Thunder-clouds have covered the city-sky
 With a pale curtain;
 Stones on streets tarnish with traffic's rush, trams and buses,
 At that moment
 A hill-boy pedlar's shrill cry for mending umbrellas
 Echoed in the air.
 As if a vigorous raven cawed for the last time
 In a dead forest,
 Pedlar's voice for mending umbrellas
 Rent the dreamy sleep with its hilly vigour
 On the banks of Lal Dighi (Red Pond),
 On the branches of the cypress
 From bloody mansions and terraces
 Like a sharp spear.

Foot-path, factory and this tormenting stuffy room
 Fade in a moment,
 And I hear the message of flying wings
 Of that lively life:
 Dense vineyards, icy peaks and hard rocks.
 The smell of solid hills,

বিদেশী সাইপ্রেস শাখে দৃঢ় পাহাড়ের ছাণ
 দুর্গম পথের
 অচেনা বন্ধুর জগতের,
 সাথী তার পাথুরে বাদাম,
 সেব নাশপাতি আর পেশী দৃঢ় হাত
 তর গীর কেশদাম, পাহাড়ের চূড়া-ঘেরা তারা-ভরা রাত ।
 সেখানে যে চাঁদ ওঠে
 (কলুষিত বিকৃত দৃষ্টির
 ব্যর্থতায় নহে অসুন্দর)

সূর্যের জাফরান নিয়ে যেখানে বাসায় ফেরে নীল কবুতর
 পরিপূর্ণ নীড়ে,
 অসংখ্য সেতারা জ্বলে ঘন নীলে, রাত্রির তিমিরে ।
 পাহাড়ের বিপুল স্তম্ভতা,
 প্রাণবন্ত জীবনের চরম পূর্ণতা
 আকাশের গাঢ় নীল চুঁয়ে পড়ে
 আনারের ঘন রক্ত-পাপড়ির 'পরে,
 তর গীর রক্তিম কপোলে
 নরম বুকের রঙ ক্ষণে ক্ষণে রাঙা চেউ তোলে ।

নিষ্কর প্রগাঢ় শক্তি,
 মাঠ, ঘন বন,
 বলিষ্ঠ সুঠাম তনুমন
 বুলবুল, সুরের পাবন...

জানি না সে কতদূরে পাহাড়ী বন্যায়, ঝড়ে ভাসিতেছে সাতরঙা কুচি
 ভাঙা আনারের দানা অনর্গল ঝরে পড়ে হিমেল হাওয়ার সাথে যুঝি
 জুপীকৃত জমে ওঠে গালিচার একপাশে পেস্তার রঙিন পাথর
 আঙুরবনের হাওয়া, পাহাড় পথের হাওয়া বয়ে আনে চাঁদের খবর—
 যান্ত্রিক চাপের নীচে সে স্বপ্ন ভাঙিয়ে পড়ে জানি না কখন,
 আখরোট বন ছেড়ে দুঃস্বপ্নের মত জেগে ফাইলের বন;
 এখানে সমস্ত দিন প্রবল বর্ষায় ভিজে পাহাড়ী কিশোর
 শতাব্দীর ব্যর্থতায় রাজপথে ঘুরে ঘুরে ছাতা-সারানোর
 তোলে তিক্ত সুর...
 (হে বন্য স্বপ্নেরা)

Inaccessible routes
And unknown rough country
Pervades in the foreign cypress branches;
His companion is nutty almonds, pears, apples
And a strong hand in young girl's tresses;
And the starry night encircled by peaks.
The rising moon there is not ugly
With polluted and perverted gaze.

The blue dove returns to its loaded nest there
Carrying saffron of the sun;
Countless stars twinkle in the deep blue
And in the darkness of the night.

Hill's endless silence,
Robust life's complete fulfilment,
The deep blue of the sky pours on
The crimson buds of the pomegranates,
On the damsel's purple forehead;
The colour of the soft bosom brings up rosy waves.

Deep silent peace,
Fields, dense forests,
Healthy mind in strong and sound body,
The nightingale and waves of music...

I don't know how far in hillside floods and storms
Float multicoloured pebbles;
Pomegranate seeds fight with chilly wind
And fall without any stop.
Coloured pistachio-nuts heap up near the carpet;
Wind from vine yards and hilly roads brings
The moon's message—

I don't know when that day-dream shattered
With machine's demands,
Heaps of files rise before the eyes
Like a nightmare leaving behind
The pomegranate garden.
Here the hill-boy drenches throughout the day
In heavy rains
And shrieks in the streets for mending umbrellas
As a result of this century's failure...

Dhaka- 06.10.2006

যৌবসেনা

মর র বাতাসে ঝোড়ো এলোচুল
আকাশে বাতাসে ধ্বনিছে তার
আগমনী পদ-ধ্বনি চটুল
প্রিয়-বাঞ্ছিত অত্যাচার!

দূর দিগন্ত মরীচিকা ছায়া দোলে
বালু সৈকতে বিহঙ্গ নির্ভয়
শিকারী পাখীর আঁখিতেও বিস্ময়
উড়িতে পারে না, আকাশের পথ ভোলে।

তরল শোণিতে তপ্ত প্রদাহ জ্বলে
মদির ফেনায় ধমনীতে উচ্ছলে
শিরায় শিরায় উষ্ণ সংক্রামক
রক্তেই তার লোভ সে মারাত্মক।

কামনার বিষ লাল তার চোখে মাখা
ত্রুর দৃষ্টির হাজার শিখায় বাঁধে
তৃপ্ত নহে সে, সোনালি ভোগলিন্ধাতে
আজীবন তাই দেহ মন তার কাঁদে।

পায়ের তলায় মর ভূমি হ'ল লীন,
বালু সমুদ্র উদ্দাম অস্তির
নিঃশ্বাস ফেলে চ'লেছে দীর্ঘ দিন
মর সাগরের অশান্তি ওঠে জাগি
রক্ষ আঁখিতে সহসা ঘনায় নীর।

হে বিজয়ী বীর! অধীর চিন্তে জ্বলে
আমারো অমনি শিকারীর মত নেশা,
শুনি যেন কোন চতুষ্পদের হ্রেষা
বলমখানি আঁকড়িতে চাই বলে!

THE YOUTH-BRIGADE

The simoom spreads its windy hair,
The sky and the wind echo
The light foot-steps of its coming—
The desired torture of the favourite one.

The horizon appears like a mirage,
Dauntless birds on the sandy beach,
Hawk's eyes also are surprised,
It can't fly and loses its course.

Liquid blood suffers from burning
And boils in veins with intoxicating bubbles,
Highly contagious in the veins,
And dangerous greed for the blood.

Lust's crimson poison in the eyes
Binds in thousand flames of crooked gaze;
Not satisfied yet, the body and soul
Craves life-long for wondrous pleasures.

The desert recedes under the feet,
The sea of sand is turbulent;
It's sighing for a long time,
The unrest of the sandy sea begins,
Suddenly tears appear in dry eyes.

O the victor-hero ! a hunter's craze
Persists in my restless heart like that,
I hear the braying of a quadruped
I want to lift the spear with force.

আমারে কি দেবে দীক্ষা তোমার মন্ত্রণায়
যাযাবর বেদুইন!

যাত্রা করিব দিগন্ত ধরি' পথ সন্ধান-হীন
ভাঙিব গোধূলি-তন্দ্রা ধরার মর ধূলায় ।

তবে তুমি শোনো-আমি সেই অতীতের
পশুর শোণিত শিরায় শিরায় বহি'
উদ্ধত মূক বুকের বেদনা সহি'
আবার জাগিব এই মোর প্রার্থনা ।

যে বন-ভুজগ ক্রমে হ'য়ে তীক্ষ্ণধী
অনায়াসে পার হ'য়ে গেল গিরি নদী,
বহুদিন পরে বৃদ্ধ সে অজগর
পশ্চাতে শুনি আহ্বান মৃদুতর
ফিরে যেতে চায় আদিম প্রাণের টানে ।
রক্তে আমার পথ চলিবার নেশা
পথ খুঁজি তাই অন্ধের সন্ধানে॥
(হে বন্য স্বপ্নেরা)

Would you initiate me into your doctrine,
O nomadic Bedouin !
I will start for the horizon without any track
And break earth's dusky stupor with desert-sand.

Then you listen – I bear in my veins
That bestial blood of the past, and suffering
From the indomitable mute heart's pangs
I will rise again – this is my prayer.

The serpent which gradually became sharp-witted
And easily crossed hills and rivers
Turned long after into an old python and
Heard a soft call behind and wanted
To return to its past attachment.
I feel in my blood a craze for wayfaring,
So I roam about in search of the blind.

Dhaka- 09.10.2006

দোয়েলের শিস্

দুর্ভেদ্য তিমির ঘন রাত্রির তোরণ হ'তে ভেসে আসে দোয়েলের শিস্
সন্ধ্যার বালুতে জ্বলে দিবসের শেষ সূর্য বিচিত্র ভূষায়
অজ্ঞাত রাত্রির তীরে শোনা গেল শেষবার দোয়েলের শিস্
তীক্ষ্ণ সুর সুতীব্র সংগীত!
জানি এ তো বজ্র নয়
বজ্রেরও বিস্ময়
রাত্রি আর মৃত্যুর ইংগিত
দোয়েলের শিস্ ।

সাদা-কালো দুই রঙে আবদ্ধ তনুকা সুকোমল
সেই পাখি! কঠে তার বয়ে নিয়ে আসে কোন গীতি শতদল
গোধূলি-ভরানো সুর মুমূর্ষু সূর্যের রক্ত রাগে,
কঠের নির্বাক খুলি 'শেষবার রাঙায়ে সে গেল চলি' বিদায়ী পরাগে
সুকোমল সুরে ।
এখন আকাশে তার ক্রমাগত কালো রাত্রি পড়ে বুকে বুকে
তিক্ত-তীব্র-বিষ,
দিগন্তে র তীর ছেড়ে আঁধারে চলেছে ভেসে দূর হ'তে দূরে
দোয়েলের শিস্ ॥

ঘুম পাড়ানোর সুরে এ' তো শুধু ঘুম ভাঙানোর তিক্ত মাদকতা
এই সুরজালে শুধু ব'য়ে আনে বিপুল স্তম্ভতা
দীর্ঘ নারিকেল তাল রৌদ্র দীপ্ত দিনের মিনারে
ভয়-স্তম্ভ শর্বরীর ধারে
বর্ণহীন তাল-স্তম্ভে, আকাশের গম্বুজে, খিলানে
রাত্রি তার কালো তীর হানে
তীর হানে দোয়েলের শিস্ ।

THE WHISTLE OF THE MAGPIE ROBIN

From the impervious dark night's portal
Comes the magpie robin's whistle,
The day's last sun-rays burn wonderfully
On the evening sand,
At the beginning of the unknown night
The whistle of the magpie robin was heard
For the last time—
A shrill whistle, a strong music!
It's a signal for the night and death,
Magpie robin's whistle.

The soft body in black and white
Of that bird! Its throat carries flower-like music,
Music ringing throughout the evening
With the dying sun's splendour;
Opening the throat's fountain it took leave
For the last time with a farewell tune,
With a soft music.
Now the black night trickles down continuously
On its sky, the sad and deadly poison;
The whistle of the magpie robin recedes
Further and further away in the darkness
Leaving behind the horizon.

It's a strong intoxicant only to shake off
Drowsiness with a lullaby,
This music only brings deep silence
On the day's shining towers of long palm and coconut trees
At the corner of the dreadful night,
On colourless palm columns,
On the sky's domes and arches
The night shoots its dark arrows;
The magpie robin's whistle shoots like an arrow.

সে বিষাক্ত মৃত্যু-তীরে ঝাঁরে ঝাঁরে পড়ে রঙ দিগন্তের ধারে
আর্শির পারার মত জমা হয় এক কোণে স্মৃতির কিনারে
মৃত্যুর আশীষ;
দোয়েলের শিস্ ॥

শুনি দোয়েলের শিস্, সুতীব্র ঝাঁঝালো—
সবে নীড়ে ফেরে পাখী, নিভে যায় আলো,
জ্বলে ওঠে আলো,
ঘুমের সময় আসে, ঘুম ভাঙানোর
তীব্রতায় কেঁপে ওঠে দোয়েলের সুরের ঝাঁঝ ।
মরা গাছে, ডালে ডালে
লঘুপাখা মেলিয়া সে বিদায়ের ত্রুণ করতালে
জানায় ভাষণ
জানায় শাসন
নেশাতুর বিষ ঃ
দোয়েলের শিস্ ॥

ঘুমের সময় হ'ল র দ্বার । পাখি
উজাড় করিয়া সুর বনপ্রান্তে ফিরিছে একাকী
শূন্য নীড়ে ।
কোন নীড়ে?
যেখানে মৃত্যুর ছায়া ঢাকিয়াছে সে পাখীর সুর
প্রান্তরের শেষ সীমা যেথা হ'ল কাঁকর-বন্ধুর
রাত্রির পর্দায়
সব জ্বালা ঢেলে যেথা পড়ে আছে কংকালের কামনা নির্বিষ
সেখানে ঘুমের পাখি, আবছায়া হ'য়ে আসে
তন্দ্রতুর দোয়েলের শিস্ ॥
(হে বন্য স্বপ্নেরা)

All colour drops near the horizon with that poisonous
deadly arrow

Like the mirror's mercury
Collecting at one corner of the memory
Death's blessings,
The whistle of the magpie robin.

I hear the magpie robin's shrill,
Strong and ardent—
Birds just returning to their nests, light fades off,
And lights are kindled;
The sleeping time vibrates with awakening sharpness
The shrill music of the magpie robin.
On dead trees and branches
Spreading out its light wings
The magpie gives its farewell address
And warns with intoxicating poison:
The whistle of the magpie robin.

The time for sleep is over; the bird
Returns to the forest's end alone
Emptying its music,
Returns to its empty nest.
What nest?
Where its music is covered with death's shadow,
Where the meadow's end has become unfriendly like pebbles
Under the shadow of the night,
Where the skeleton's harmless desire lies prostrate
After pouring out all the agonies of life.
There's the sleeping bird—
The drowsy magpie's shrill slowly calms down.

Dhaka- 14.10.2006

সিরাজাম মুনীরা মুহম্মদ মুস্‌জ্‌ফা
(সাল্লাল্লাহু আলাইহি অ-সালাম)

পূর্বাচলের দিগন্ত নীলে সে জাগে শাহানশাহের মত
তার স্বাক্ষর বাতাসের আগে ওড়ে নীলাশ্রে অনবরত ।
ঘুম ভাঙলো কি হে আলোর পাখী? মহানীলিমায় ভ্রাম্যমাণ
রাত্রি-র দ্বন্দ্ব হ'তে কি ঝ'রবে এবার দিনের গান?
এবার কি সুর ঘন অশ্রু রকারা তট থেকে প্রশান্তি র?
এবার সে কোন আলোর স্বপ্নে তাকাবে ক্ষুধা প্রলয় নীর?
এ বোবা বধির আকাশে এবার ভুলবে কি তার নীরবতাকে
সেই মুসাফির সুদূরচারীর সুগভীর সুরে দরদী ডাকে?

ঐ আসে আসে সেই বিহঙ্গ সাতরঙা তার শ্বেত পাখায়,
আকাশের বুক ঘন হ'য়ে ওঠে নীল মরকত স্বচ্ছতায়,
সোনালী আলোয় স্থাপদ রাত্রি আহত, লুপ্ত নিমেষ মাঝে;
ধির-বিদ্যুৎ আভা তরঙ্গ আলোকের সুর আকাশে বাজে ।

হে অচেনা পাখী কোন্ আকাশের গভীরতা হ'তে এসেছ উঠি?
তোমার পক্ষ-সঞ্চরে ভাষা-ভাবের কুসুম উঠিছে ফুটি;
তোমার জরিন জরির ফিতায় নিখিল মানস করো জরিপ
কত অজ্ঞাত সাগরে সহসা ভেসে ওঠে কত সোনার দ্বীপ,
ভাষা-মুখরিত তোমার পাখায় সব সাগরের অশ্রু জল,
তোমার ছায়াকে চুম্বন করে তরুণ মনের লাল কমল,
আলো-বিহঙ্গ! মুক্ত নীলের সকল রশ্মি ঝরোকা চেন,
তোমার গতির ইস্তিতে তাই নিখিল স্বপ্ন ফুটছে যেন ।
অন্ধ রাতের তুমি নও, তুমি নও মৃত স্থবিরতার
সব আকাশের দুয়ার খুলেছো, খুলেছো সকল মনের দ্বার,
তোমার আসার পথ চেয়ে চেয়ে আবেগে সকল আকাশ কাঁপে,
মুক্তপক্ষ, হে আলো! ধন্য ধরণী তোমার আবির্ভাবে ।

Perhaps you think
Your policy of this type is harmless
And flowering easily in the bank's towers.

But it's a great blunder—
Foolish and crazy.
You see today—
Those who throughout the earth
Are spreading beds of bones
Will not tolerate forever,
With life-long sacrifice their spring comes
Along with gun-power —by crossing
The plains of the approaching winter
With cruel and revengeful bayonets
—The day of the mutiny.

Dhaka- 10.10.2006

THE VULTURES

[ON BENGAL FAMINE, 1943]

O you the cursed vultures! since you pounced upon
These dying people, then accept their dead bodies
As their last offer—
Gifts of countless corpses
Scattered throughout the countryside, hamlets and towns...

You have left nothing for man,
So you stand before these dead bodies
And complete your image of bestiality.
You have snatched away meagre morsels of hungry mouths,
You have sucked people's blood
And created a desert of death,
And wiped out life's tidal river.
O blind vultures! now you see in these corpses
What brutal blows you gave everywhere
From your ignoble ivory towers.

Your hands did not tremble,
No imprint in your mind
For scattering famine
In the live graves of this dying earth's
Countryside, hamlets and towns.

O the tyrant vultures! here you take,
Here you take today
The last gift of those people
Whose blood you sucked,
Whose morsels you tainted with blood—
The last gift through the end of man,
Eat it up completely;
And also take the offering of
Hungry dried up young corpses—
Evidence of your cruel loathsome bestiality.

Dhaka- 12.10.2006